152. No. 886 2.

# বিবাহ-বিভ্রাট।

( সামাজিক নাট্য-লীলা। )

A

## *SOCIETY COMEDIETTA*

IN TWO ACTS.

ষ্টার থিয়েটরে অভিনীত।

শ্রীযুক্ত অমৃতলাল বসু প্রণীত।

কলিকাতা, ১৩ নং রামনারায়ণ ভট্টাচার্য্যের লেন হইতে
শ্রীসুরেশচন্দ্র বসু কর্ত্তৃক প্রকাশিত।

তৃতীয় সংস্করণ।

কলিকাতা।
১৩ নং রামনারায়ণ ভট্টাচার্য্যের লেন,
গ্রেট্ ইডেন্ প্রেসে,
শ্রীঅমৃতলাল মুখোপাধ্যায় দ্বারা মুদ্রিত।
সন ১২৯৩ সাল।

*All rights reserved.*

# নাট্যোল্লিখিত চরিত্র।

## পুরুষগণ।

| | | |
|---|---|---|
| গোপীনাথ সরকার | ... ... | গৃহস্থ ব্যক্তি। |
| চন্দ্রনাথ চক্রবর্ত্তী | ... ... | প্রতিবাসী ধনাঢ্য। |
| মন্মথ মিত্র | ... .. | কন্যার পিতা। |
| নন্দলাল সরকার | ... ... | গোপী বাবুর পুত্র। |
| লোকনাথ দে | ... ... | মন্মথ বাবুর ভগ্নীপতি। |
| মিষ্টার সিং | ... ... | বিলাত ফেরত ডাক্তার। |
| গৌরীকান্ত কারফরমা | .. | বিলাসিনীর স্বামী। |
| ঘটক | | |

পরামাণিক, ভৃত্য, মুদী, রেলওয়ে কনেষ্টেবল ও প্রতিবাসীগণ।

## স্ত্রীগণ।

| | | |
|---|---|---|
| গিন্নী | ... .. | গোপী বাবুর স্ত্রী। |
| শরৎকুমারী<br>[illegible]কালী<br>মোহিনী<br>সত্যকুমারী | ... ... | বাসর-সঙ্গিনী |
| কুমুদিনী | ... ... | মন্মথ বাবুর কন্যা। |
| ঠান্‌দিদি | ... ... | মন্মথ বাবুর খুড়ী |
| বিলাসিনী কারফরমা | ... | উচ্চ শিক্ষাপ্রাপ্তা বঙ্গমহিলা। |

# বিবাহ-বিভ্রাট।

## প্রথম অঙ্ক।

### প্রথম গর্ভাঙ্ক।

(গোপীনাথ বাবুর বহির্বাটী।)

গোপীনাথ সরকার ও চন্দ্রনাথ চক্রবর্ত্তী আসীন।

চন্দ্র। তবে ও টাকাটাও বাড়ী mortgageএর সঙ্গে ধরে দিয়ে registry কোরে দিন, নৈলে আর আমি রাখ্‌তে পারিনি।

গোপী। আর মেরেকেটে দাদা ডেড়্‌টা মাস. এতদিন সয়েচ আর এইকটা দিন,—এই এখনি ঘটকের আস্‌বার কথা আছে, হোগোলকুঁড়ের মন্মথ মিত্তের মেয়ে—বারো বৎসর উত্তীর্ণ হয়—আর রাখ্‌তে পারে না, আমার দরেই ঘাড় পাত্তে হবে।

চন্দ্র। ছেলের বে দেখিয়ে দেখিয়ে কত দিন টাল্‌ছেন বলুন দেখি? আর এক ছেলের বে দে কি এমন রাজা হবেন যে, রাজ্যের দেনা সুধবেন? ধার কোত্তে তো আর বাকী রাখেননি কারো। আমায় দুশো লোক জিজ্ঞেস করে

"আপনার টাকার কি কল্লেন, আপনি চুপ্ কোরে আছেন বলেই আমরা কিছু করিনি ”

গোপী তা দাদা, তোমার কথা মানবে না এ তল্লাটে এমন লোক কে আছে! একটু সকলকে থামিয়ে রেখ ভাই, ফুল-শয্যার পরদিন আর কারও একটী পয়সা বাকী থাক্‌বে না।

চন্দ্র আপনারা তো মৌলিক, কুলীনের মেয়ে আন্‌তে হবে—তাতে এমন কি টাকা পাবেন যে, সব দেনা সুধবেন? আপনি টাকার জন্যে অন্য চেষ্টা করুন—আমার পরামর্শ শুনুন, কেন মিছে সুদ বাড়াচ্ছেন—বাড়ীখানি ছেড়ে দিন

গোপী বাড়ী ছাড়ব কি! ছেলে পাশটা অবধি তোমরা অপেক্ষা কোত্তে তো আর একখান বাড়ী কোত্তেম; এখন কি আর বল্লালী কুলীন চলে—এখন কুলীন মর্য্যাদা কালেজের পাশ, মুখুটী কনিষ্ঠি উঠে গিয়ে এখন এমে, বিএ, হ'য়েছে। কিছু ভেবনা আমি যদি সোণার ষোড়শ কোট করি, তাহ'লে তাই দিয়েই মেয়ে পার কোত্তে হবে

চন্দ্র কি কসায়ে কারখানাই ধরেছেন, আপনাদের কায়েতের দেখাদেখি ক্রমে আমাদের ব্রাহ্মণের ঘরেও আস্তে আস্তে ঐ সর্ব্বনেশে চাল ঢুক্‌ছে।

গোপী যাতে বিলক্ষণ লাভ ত আবার সর্ব্বনেশে চাল কি?

চন্দ্র বুঝ্‌তে পার্‌তেন মেয়ে থাক্‌ত যদি।

গোপী থাক্‌লে সে খরচাও ছেলের শ্বশুরের ঘাড়ে চালাতুম, এই সময় সব চাপিয়ে নিতুম

চন্দ্র আহা, সরকার মশাই কি সদাশয়!

গোপী কেন, এতে আর দোষ কি?

চন্দ্র। আপনার কিছু না, বিধাতার কতক বটে—চোখের চামড়াটা কম দিয়েছেন।

গোপী। চক্ষুলজ্জা কোল্লে ব্যবসা চলে না, আপনারা কি সুদের বেলা কমতি করেন ?

চন্দ্র। তাও তো বটে, ছেলের বিয়ে আর তেজারতি একই কথা।

( ঘটকের প্রবেশ। )

ঘট। কল্যাণ হোক্, এই যে ছোট বাবু এখানে বসে, নমস্কার, ছোট বাবু ভাল তো ?

চন্দ্র। হ্যাঁ, নমস্কার—তুমি এখানে যে ?

ঘট। বায়ু আর কুলাচার্য্য উভয়েরই সর্ব্বত্র গতি।

চন্দ্র। কুলাচার্য্য না পাশাচার্য্য, সরকার মশাই বল্‌ছিলেন যে এখন কুল উঠে গিয়ে পাশ হ'য়েছে।

গোপী। চন্দ্রবাবু আমার পরমাত্মীয়, ওঁদের সঙ্গে আমাদের বামুন কায়েৎ ভেদ নাই।

ঘট। মস্ত লোক ওঁরা, আমার প্রতি ভারি অনুগ্রহ। এদিক্‌কার তো একপ্রকার কথাবার্ত্তা ঠিক কোরে এলুম, মন্মথ বাবুর সম্পূর্ণ মত।

গোপী। মত তো হ'তেই হবে, পাশ করা ছেলে পেলে আর অমত হয় কার! এখন দেওয়া থোয়ার বিষয় কি ?

ঘট। গা সাজান এদিকে সমস্তই দেবে, চুড়ি সুট—ওপর হাতের সমস্ত—সিঁতি, চিক—

গোপী। মেয়েটী কি খুব মোটা সোটা ?

ঘট না, দিব্য একহারা, শ্যামবর্ণের উপর চমৎকার মুখশ্রী! আবার বেব জল গায়ে পড়্‌লেই—

গোপী তবে স্যুট হিসেবে চল্‌বেনা, গহনা সব হাল্‌কা হ'য়ে পড়্‌বে ও ভরি হিসেবে ধরাই ভাল।

চন্দ্র বলেন কি মশাই, সেটা কায়স্থ ব্রাহ্মণের ঘরে কি ভাল দেখায়, ও চাল সোণারবেনের ঘরেই আছে

গোপী। লক্ষ্মীশ্রীও তাই তাদের ঘরে আছে; টাকার বিষয়ে সোণারবেনের দৃষ্টান্তে চলাই ভাল, ও ভরি হিসাবেই দিতে হবে

ঘট হাঁ, হাঁ "মহাজনো যত্র গত সপন্থা" তা সোণার-বেনেরাই হ'ল জাত মহাজন; আর বিবাহ বিষয়ে আমরা যা চালাব তাই চলবে "কর্ম্মনা বাধ্যতে বুদ্ধি।" ঘটকের বুদ্ধিতে কর্ম্ম কোত্তে সবাই বাধ্য। আচ্ছা, তা হ'লে কি রকম হবে?

গোপী সোণা এক শ' ভরির কম আর গা-সাজান ক'রে গহনা হয়না, এক শো ভরি সোণা ধর

ঘট তা হ'লে বড় চাপাচাপি হয়—পেরে উঠ্‌বে কেন; আমি কি আর সাধ্যমত আপনার দিকে টান্‌তে কসুর কর্‌বো, তবে টান্‌তে টান্‌তে না ছিঁড়ে যায়

গোপী আর রূপোও দু শো না হয় এক-শ' পঁচাত্তর; আচ্ছা, কাজ নেই, দেড় শো ভরিই ধর; আমাদের গেরস্থ ঘরের বৌ ঝী তো আর বুট মোজা পর্‌বে না, গহনাতেই পা ঢাক্‌তে হবে; পায়ে তো আর সোণার গহনা পর্‌বার রীত নাই, পূর্ব্বাপর একটা বাঁধা নিয়ম চলে আস্‌ছে কাজেই মান্‌তে হবে, কি বল মশাই!

চন্দ্র। ওখানটায় মুসলমানের দৃষ্টান্ত ধর্‌লেই খাটিয়ে নিতে পারেন

গোপী কেন, মুসলমানেরা পায়ে সোণা পরে নাকি!

চন্দ্র এমনি তো শোনা আছে।

গোপী। তা থাক, তায় আর কাজ নেই, আমি গেরস্থ লোকের উপর বেশী পেড়াপীড়ি কোত্তে চাইনি এই এক শো ভরি সোণা আঠার টাকার দর ই ধর আঠার শো টাকা; আর খানি গড়ে নিদেন দু টাকার হিসেবে—ও ধর দু শো টাকা, এই হ'ল দু হাজার; আর রূপো দেড় শো ভরি—দেড়-শো টাকা, একটু খেলো হয় তা মরুকগে, আর বানি এক টাকা কোরে দেড় শো হ'লো—তিন-শো—দুয়ে তেইশ শো।

ঘট গহনার টাকা কি নগদ নেবেন নাকি?

গোপী। ও না তো কি, আজকাল্কের বাজারে গহনাও গড়াতে আছে, স্যাক্রা ব্যাটারা সব চোর, খাদে পানেই সর্ব্বনাশ করবে, বেচ্তে গেলে আধা কড়িতে বেচ্তে হবে; নগদ টাকার চেয়ে আর কিছু আছে—হাজা শুকো নেই।

চন্দ্র তবে আপনি বানি ধর্‌ছেন কেন?

গোপী। ভায়া, এইটে আর বুঝ্তে পাল্লেনা, গড়াতে গেলে তাঁর তো লাগত, তা টাকাটা স্যাক্রাকে না খাইয়ে জামায়ের ঘরে গেলে মিত্তিরজা মশায়ের লাভ না লোক্সান—কি বলেন, ঘটক মহাশয়!

চন্দ্র মিত্তিরজা মশায়ের লাভ, যেদিন থেকে কন্যা প্রসব করেছেন সেইদিন থেকেই।

ঘট ছোট বাবু, কন্যা দান আর গৌরী দান সমান কথা, এতে ব্যয় ভূষণ চাই, এ একপ্রকার দুর্গোৎসব ব্যাপার।

চন্দ্র। তবে বলিদানের আড়ম্বরটাই কিছু বেশি, তোমার মুখে মন্ত্র আর সরকার মশায়ের হাতে খাঁড়া, সাবধান যেন দশ্ বন্ধর মুখেই কোপ্‌টা পড়ে, নইলে বেঁধে যাবে।

গোপী। হাঃ হাঃ হাঃ! বুঝেছ ঘটক মশাই, নাতি সম্পর্ক ব'লে খুব ঠাট্টা কোচ্ছে (স্বগত) বড় ক্যাট্ ক্যাট্ বল্‌তে আরম্ভ করেছে, টাকাগুলো ফেলে দিতে পাল্লে বাঁচি

ঘট। কত ধল্লেন তবে?

গোপী হ্যাঁ, ঐ গেল তেইশ শো—আর সিঁতির কথা বল্‌ছিলে না তা কি জান, ঐ জড়োয়া জিনিষ কেনা আর টাকাগুলো জলে ফেলে দেওয়া একই কথা, তা ও হিসাবে বেশি কাজ নেই ভাড়াই শো টাকাই ধর এই হ'ল সাড়ে পঁচিশ শো, কেমন? আমার আবার হিসেব টিসেব ভাল এসেনা, আর মুক্তোর মালার ধরগে—কত ধর্‌বে?

চন্দ্র। গোপীনাথ বাবু কচ্ছেন কি, এ যে নেহাত ভদ্রলোকের গলায় ছুরি দেওয়া হয়! আমি বরং কিছু সুদ ছেড়ে দিতে রাজী আছি। আমি কোন্ মন্মথ মিত্তির বুঝেছি, তিনি অত টাকার মানুষ নন্ তো

ঘট। ছোট বাবু বল্‌ছেন ঠিক, এত চাপান দিলে পেরে উঠ্‌বে না, আর আমার আপনিও যেমন তিনিও তেমন; দুদিকেই তো টান্‌তে হবে

গোপী। পাঁচ যায়গায় ঘুরে এস, এলে পড়া ছেলে এর চেয়ে কোথাও সস্তা পাও—দ্যাখ, কিন্তু এই হিসেবে হয় তো আমার কাছে আস্‌বে স্বীকার ক'রে যাও।

ঘট। দেখুন, যা বয় সয় এম্‌নি ক'রে নিন্, মন্মথ বাবুর

সম্পত্তির মধ্যে ঐ বাড়ীখানি, আর এক-শোটী টাকা মাইনে, ছোট বাবুও তো সব জানেন বল্লেন।

গোপী। তা ঐ মুক্তোর মালারও আড়াই শো টাকাই ধর, পূরোপূরি আটাশ শো টাকা, খাট বিছানা কায নেই, তেমন ঘর নেই কোথায় রাখি, আর রূপোর বাসন নেওয়া খালি চোরের দৌরাত্মি বাড়ান, তা তোমারই কথা রাখলুম—বেশী কাজ নেই জুয়েতে সাত শো টাকা ধরে পূরোপূরি পঁয়ত্রিশ-শো টাকা হ'ল আর নগদ পাঁচ-শো টাকার যা কথা আছে!

চন্দ্র। সর্ব্বনাশ, চার হাজার টাকা নগদ! তা হ'লেই তো ভদ্রলোকের বাস্তুখানিতে হাত প'ড়বে

গোপী। ভাই, আজকাল মেয়ে পার কি অমনি হয়! আজ এই বল্‌ছি, আর ছ মাস বাদে একটী পাশ কল্লেই দুনো দিতে হবে, তা আমারও একটু টানাটানি হ'য়েছে আর বেশী দিন ধরে রাখ্‌তে পাচ্ছিনি তাই আদা কড়িতেই ছেড়ে দিচ্ছি।

ঘট। তা দেখুন আমি কথা শেষ ক'রে যেতে চাই, আমার সঙ্গে মিত্তির্‌জা মশার নেহাত ঘটক সম্পর্ক নয়, আমরা পুরুষানুক্রমে ওঁদের আশ্রিত; আর বাড়ী ওঁদের আমাদেরই দেশে, তা চার হাজার টাকার কম আপনি রাজি হচ্ছেন না?

গোপী। না, তা হ'লে আমায় মারা যেতে হয়, আর আমি রাজি হ'লেও ছেলে রাজি হবে না, তার গর্ভধারিণী অমত করবেন। গিন্নী বলেন, নন্দলালের বৌ যদি দশ হাজার টাকার কম ঘর ঢোকে, তবে তাকে দুধে আল্‌তায় পা দিতে দেব না।

ঘট। ও বাবা তবে গিন্নীকে ডাকুন, তিনি থেকেই সব

মোকাবেলা হোক্, "স্ত্রী বুদ্ধি প্রলয়ঙ্করী।' স্ত্রীলোকের বুদ্ধিতে দু-কূল যায়, শেষ মেয়েটাকে না ভাসিয়ে দেওয়া হয়।

গোপী। না, সে ভয় নাই। আর গিন্নী এই আড়ালেই আছেন, তাঁর কোন কথায় অমত হ'লে কবাট নাড়া দেবেন আমার সঙ্গে এই বন্দোবস্ত আছে।

ঘট। তবে এই চার হাজার টাকা?

গোপী। হ্যাঁ, আর ছেলের সোণার ঘড়ি, ঘড়ির চেন, হীরের আংটী আর সোণার চস্‌মা।

ঘট। চস্‌মা!

গোপী। ছেলে কি তবে শুধু চখে কালেজে যাবে!

ঘট। কেন, চক্ষের কোন ব্যাম হ'য়েছিল নাকি?

গোপী। তুমি দেখ্‌ছি কিছুই খবর রাখনা, এদের বিদ্যা এখন সূক্ষ্ম হ'য়েছে, চস্‌মা না হ'লে স্পষ্ট দেখা যায় না।

চন্দ্র। সর্ব্বাঙ্গ সুন্দর হচ্চে, তবে একটা প্রধান অঙ্গ ছেড়ে দিচ্ছেন কেন?

গোপী। কি দাদা—কি দাদা বল তো। বুড়ো হ'য়েছি কত রকম কি নূতন হ'য়েছে সব জানিও না, মনেও পড়ে না।

চন্দ্র। একটী সোণার ল্যাজ্। বিদ্যার চাপে ছেলে ঝুঁকে পড়্‌লে ঠাডা দিতে হবে তো?

ঘট। হাঃ হাঃ হাঃ—

গোপী। হাঃ হাঃ হাঃ তোমাদের নব্যদের কি কি দরকার তোমরাই ভাল জান। (স্বগত) সোণার ল্যাজ দেয় নাকি!

ঘট। তা ওগুলোর কত ধল্লেন?

গোপী। না ওসবের আর নগদ না, নন্দলাল ওসব সখ ক'রে পর্‌বে, ওদের মধ্যে ক'ব ফুল-শয্যা'র ফু-ে ট'ক'

ঘট। তা মিত্তিরজা যদি এসব দিতে সক্ষম হন, তবে পাত্র দেখ্‌তে আস্‌বার দিন স্থির ক'রে আস্‌বো ?

গোপী। পাত্র আর দেখ্‌বে কি ? ছবি তুলিয়েছে নে যেও, আর একখান সার্টিফিকেটের নকল দেব তখন।

ঘট। না, তবু শুভ কার্য্যে যা রীতি আছে কোত্তে হয়, তাঁরাও আশীর্ব্বাদ ক'রে যাবেন, আপনারাও আশীর্ব্বাদ ক'রে আস্‌বেন।

গোপী। আমি এখানথেকেই আশীর্ব্বাদ কোচ্ছি, তাঁরা যে দিন হয় একদিন এসে দেখে যাবেন ; খবর আর দেবে কি, সকালে আস্‌বেন, অন্য উয্যুগ স্নুয্যুগ আর তো কিছু কোত্তে হবে না।

ঘট। আর পত্র, সে তো আপনাকে গিয়েই কোত্তে হবে ?

চন্দ্র। আমার পরামর্শে সেটা উকিলের বাড়ী থেকে ক'রে নেওয়াই ভাল

গোপী। (স্বগত) এ কথাটা নেহাৎ মন্দ বল্‌ছে না। (প্রকাশ্যে) সেটা কি চলিত হ'য়েছে ? কাযটা পাকা হয় বটে।

চন্দ্র। হাঁ, একেবারে রীতিমত stampএর ওপর contract লেখা পড়া ক'রে registry ক'রে নিন্‌, তাহ'লে চাইকি সেই পত্র বন্ধক রেখে আবার টাকা ধার কোত্তে পার্‌বেন

ঘট। ছোট বাবু, বিবাহের উকীল মোক্তার সব আমরা, আর মন্মথ বাবু যা বল্‌বেন সে কথার নড়চড় নেই ; মরদ্‌ কা বাৎ হাতি কা দাঁত, একেবারে পাকা।

চন্দ্র সরকার মশায়, তা বলে আপনার কাজ ছাড়্বেন না, দিদেন লেখা পড়া কোত্তে হ'লে যে খরচটা হ'ত সেটা ধরে নিন, সেও একটা নেহাৎ অল্প বার হবে না—ধরেছেন ছুরি তো পুঁচিয়ে কাটুন আমি এখন চল্লুম, আপিসের বেলা হলো, ঘটকঠাকুর, টাকা দেবার সময় আমায় জানিও—আমাদের বিস্তর টাকা ওঁর কাছে আটুকে আছে।

[ প্রস্থান।

গোপী (স্বগত) একবার ফেলে দিতে পাল্লে এর শোধ নেব, এমন শোনাবনা তো (প্রকাশ্যে) কিছু দেনা পাওনা আছে তো একবারে দিগ্ ক'রে তুলেছে, সংসার কোত্তে গেলে কার না ধার কোত্তে হয় ঘটকঠাকুর।

ঘট। তার আর ভুল কি, আমার যে এই জমিদারের বিস্তর বাকী খাজ্‌না পড়ে গিয়েছিল, গেল বৈশাখের লগনশায় শোধ কল্লেম; তা দেখুন, যদি ক'রে দিতে পারি তো আমায় সন্তুষ্ট কোত্তে হবে, ওপক্ষে যে এ সব দিয়ে থুয়ে আর ঘটক বিদায়ের কড়ি থাক্‌বে এমন তো বোধ হয় না।

গোপী। ওর ওপর আর যা কোত্তে পার অর্দ্ধেক তোমার

ঘট এর ওপর হ'লে তবে ঘটক বিদায় হবে, হ'য়েছে আর কি!

গোপী না, তা নয়; এদিকে তোমার স্থায্যগণ্ডা রইলই, তবে ওর ওপর হয় তো আরও ভাল না?

( স্ত্রীয়ের প্রবেশ )

স্ত্রী। বলি হ্যাঁগা কত্তা মশাই, কেন আমায় এত অপমান

কথা বল দেখি, গতর খাটাতে এসেছি বলে কি আর আমার মান অপমান নেই। এতই কি কিসের এমন চাকরি

গোপী কেন বক্‌ছিস্ কেন, কি হ'য়েছে কি—কে কি বলেছে ?

ঝী না বলেছে কি, বল্‌তে বাকী রেখেছে কি আর কারো আছে না কি না হয় তুমিই বল, ঐ যে বামুনঠাকুরটী বসে আছেন, উনিই না হয় বলুন, বলনাগো ঠাকুর—বল, বাড়ী বাড়ি দুঃখীলোক পেলে বল্‌তে হয় বল—বল, বল্‌তে বল্‌তেই যেন সবার মরণ হয়।

ঘট ওগো বাছা, আমার ওপর কেন? আমি কি বল্‌তে যাব আমি তো তোমায় কখনও চক্ষে দেখিনি

ঝী না, তা দেখবে কেন গরিব দুঃখীকে দেখ্‌তে হ'লে সবাই চক্ষের মাথা খেয়ে বসে, চ'খে আগুন লাগ

গোপী আরে চুপ্‌কর হাউড়ে মাগী, উনি ঘটকঠাকুর— ওঁর সঙ্গে কি বক্‌ছিস্

ঝী হলোই বা ঘটকঠাকুর, আমি তো আর কেনা ক'রে নই যে ঘটকরে ভয় ক'রে চল্‌তে হবে আমার সংসার বল্‌বার কে

গোপী কে বলেছে কি তোকে, তাই বল্‌না ?

ঝী কেন, কে না বলেছে, বাড়ী সুদ্ধ বল্‌ছে, ঐ তোমার আদরের মুদী মিন্‌ষে, হাড়হাবাতে মন্‌ষে, পোড়ার-মুখো মিন্‌ষে, মিন্‌ষের দোকানে আগুন লাগে না। ওর বাড়ীতে জোড়া মড়া মরে না

গোপী কেন মুদীর সঙ্গে আবার লাগ্‌তে গেছ্‌লি কেন?

ঝী লাগ্‌তে গিয়েছিলুম সে কিনা আমার যুগ্যি লোক তাই লাগ্‌তে গেছ্‌লুম, তবে ভাঙ্গবো হাটে হাঁড়ি, দেশ সুদ্ধ ধার ক'রে রেখেছ জান না, ছেলের বে দে টাকা দেব দেব ক'রে আমাকেও টাল দে রেখেছ—দেশ সুদ্ধ লোককেও রেখেছ; কেন, আর লোক দেবে কেন ধার, বেশ ক'রেছে মুদী মিন্‌সে সে বলা তো আমায় হয়নি, তোমাকেই হ'য়েছে—আমি কে। দাসী বইতো নয়

গোপী তা বেশ হ'য়েছে আমাকেই হ'য়েছে, এখন তুই বাড়ীর ভেতর যা

ঝী বাড়ীর ভেতর যাব তো খাবে কি? নেয়ে উঠে চর্ব্বিয়ে খাবার চাল টী ঘরে নেই, কয়লার ধামা খালি, ডাল তরকারি তো চুলোয় যাক্

গোপী (স্বগত) মাগী তো বড় পাজী হয়েছে। (প্রকাশ্যে) তা তোরা সব না বুঝলে তো আমার বন্নবিনি—গিন্নীরও যেমন—

(মুদীর প্রবেশ)

ঝী এই যে মিন্‌সে বাড়ী পর্য্যন্ত এসেছে কি বাড়ী ব'য়ে গাল দিতে এসেছিস্ নাকি? আ-মর মিন্‌সে, আস্পদ্দা কম নয়।

মুদী কিরে মাগী, অত রেগেছিস্ কেন?

ঝী মাগী—মাগী মাগী তোর বাপ খুড়ো, তোর সাত পুরুষ মাগী, যাই দেখি মাঠাকুরুণের কাছে কেমন কর্ত্তা বুঝে নেব আমার এখনি হিসাব গণ্ডা চুকিয়ে চাই; আমি চোদ্দ পোনের বছর ক'রে্‌কেতা। এয়েছি বড় বড় ঘরে কর্ম্ম ক'রেছি—

আমায় মুদীতে মাগী বলে, দেশে আমার দ্যাওরের তিনখান লাঙ্গল, ভাত তো আর জুটবেনা

[ স্ত্রীয়ের প্রস্থান।

গোপী কি হে চিনিবাস, চালটা দাওনি কেন ?

মুদী কোথেকে আর দেব বলুন, দেড় বচ্ছর সব যুগিয়ে আস্‌ছি, তা পূজোর সময় পর্য্যন্ত একটীও পয়সা দিলেন না।

গোপী আর ভাবনা নেই, মেরেকেটে কার্ত্তিক মাসটা ; অগ্রহায়ণ মাসের ৬ ৯ ১০ ১৫ই চারটে লগ্নের একটা লাগাবই লাগাব ; এই ঘটকঠাকুর বসে, তখন আগাম দু-শো টাকা নিওনা কারবার ফ্যালোয়া কোরে তুলো

মুদী বড় বাবু এক পাশ ক'রে অবধি তো ঐকথা বল্‌ছেন, চেয়ে চেয়ে দেড় বচ্ছর কেটে গেল ; কিছু মনে কর্‌বেন না আপনার যে খাঁই তা কেউ দিয়ে উঠ্‌তে পার্‌বে না

গোপী চিনিবাস, দিতেই হবে, সেকাল আর নেই ! তখনকার চেয়ে এখন দেড়া দিতে হবে, তখন ছিল এক পাশ—

চিনি একন কি বড় বাবু দেড় পাশ ?

গোপী না হে, এখন ছেলে এলে

চিনি এলে ফেলে সব বুঝি মশাই টাকা এলে।

গোপী এই সাম্‌নে বসে ঘটক, জিজ্ঞেস্ কর এঁকে— বাইরে থেকে আসে তো আর কেন ঘরের টাকাটা বার করি

ঘট হ্যাঁ হে, এবার আমি যখন কাজে হাত দিয়েছি তখন নিশ্চিন্ত থাকগে, সব ঠিক, অগ্রহায়ণ মাসের মধ্যেই সব শেষ ক'রে দেব, আমি তোমার জামিন রইলুম

গোপী তুমি মনে ক'রে যাও যেন নগদ পেয়েছ, টাকা বাক্সয় ভরেছ, যাও জিনিষ পত্তর পাঠিয়ে দাওগে

চিনি আজ্ঞা তা দিচ্ছি কবে না দিয়েছি, মোদ্দাৎ

গোপী। দেখেছ, নগদ টাকাটা পেলে কিনা, চিনিবাসের আর হাসি ধরেনা, যাও যাও দাওগে

চিনি। আজ্ঞে—

গোপী আবার আজ্ঞে কি, যাও যাও

চিনি দেখুন ঠাকুর আপনার কথা তবে রাখলুম।

ঘট পরে দেখে নিও, বেদ মিথ্যা হবে তবু ঘটকের কথার নড়চড় নেই

চিনি। চল্লেম তবে, প্রণাম হই

ঘট কল্যাণ হোক্—এস

[ মুদীর প্রস্থান।

আমিও তবে এক্ষণে বিদায় হই

গোপী। হ্যাঁ, বেলাও হ'য়েছে—আমিও স্নান করবো দেখুন আপনি ঘরের লোক, বেয়াই বাড়ী যেন এসব কথা না ওঠে, আমি নগদ পঞ্চাশ টাকা দিয়ে ঘটক বিদায় করবো

ঘট রাম রাম আমরা এখানকার কথা ওখানে বল্লে কি আর ব্যবসা চলে, আপনি উদ্বিগ্ন হবেন না ; এখন আসি তবে—কল্যাণ হোক্ বিদায়ের কথাটা না রেখেন

গোপী হ্যাঁ হ্যাঁ, তার আর নড়চড় হবে না আসুন—আসুন, প্রণাম

[ উভয়ের উভয়দিকে প্রস্থান।

# দ্বিতীয় গর্ভাঙ্ক।

( বিলাসিনীর বসিবার ঘর। )

সিংহ গত বৎসর আমার এখান থেকে ছাড়বার কিছু পূর্ব্বেই—সকল রকম দেখে কিন্তু আমার বেশ অনুমান হ'য়েছিল যে আপনি উমাচরণ গুপ্তকেই সুখী করবেন

বিলা অনুমান ঠিকই করেছিলেন, উমাচরণ বাবুকে আমি একপ্রকার বিবাহ কোত্তে স্বীকারও করেছিলেম বটে, কিন্তু তাঁর মা'র মৃত্যু হওয়াতে কাচা গলায় দিয়ে জুতো খুলে বেড়াতে লাগলেন, সুতরাং অমন অসভ্যকে আমি আর স্বামী ব'লে কি ক'রে নিই

সিংহ। নেংটো গা, নেংটো পা, ladyর সামনে—horrible!

বিলা Shocking!

সিংহ Mr Karforma করেন কি?

বিলা আগে teachery কোত্তেন আমি তা ছাড়িয়ে একটা Press ক'রে দিয়েছি। কামিনী ভট্টাচার্য্যির স্বামীতে আর এঁতে মিলে একখান বাঙ্গলা কাগজ বার করেন, আর এদিকে আমার সংসারের সকল কাজ কর্ম্ম দেখেন

সিংহ সুখী Mr Karforma যাঁর এমন স্ত্রী এবার M A র জন্য কি subject নেছেন আপনি?

বিলা। Physics স্ত্রীলোকে বিজ্ঞান না শেখাতে আমাদের

দেশ উৎসন্ন যেতে বসেছে, বিলাতে বোধহয় অনেক স্ত্রীলোক বিজ্ঞান শিখেছে ?

সিংহ  বিস্তর Under ground Railwayর engine driver, fireman পর্য্যন্ত lady ; বিজ্ঞান স্ত্রীলোকের হাতে পড়ে এম্‌নি কোমল দাড়িয়েছে যে, সে সব গাড়িতে চড়লেই ঘুম আসে

বিলা  Parliamentএ lady member আছে কজন ?

সিংহ  তিনজন আমাদের prime ministerএর খুড়ী একজন, আর দুজন Irish member এঁরা তিনজনেই Indiaর জন্যে ভারি লড়াই করেন

বিলা  আপনি ছিলেন কদিন হলো ?

সিংহ  যাওয়া আসা নিয়ে দশ মাস

বিলা  আমার ইচ্ছা হচ্ছে M. A টা দিয়ে একবার যাই

সিংহ  যাবেন—যাবেন। যান—যান, সেইখানেই M. A দিবেন—যান

বিলা  Native স্ত্রীলোক গেলে সাহেবেরা যত্ন করে বোধহয় ?

সিংহ  লুফে নেয় লুফে নেয়, যান যান, You will be a curiosity there ওঃ! আপনি বাড়ীতে খাবার শোবার time পাবেন না  Tea there, dinner here, picnic abroad, Yachting, Skating, Riding, Driving, Sightseeing, আজ Crystal palace, কাল Vaux hall, holiday everyday! আর presents . Rings, Brooches, Dresses of the latest Paris fashion, আর অমনি Barristerটা হ'য়ে আসবেন

গাব civil service এও enter কোত্তে পারেন, আপনার গহনাও উনেশ ক্রানি   যাই হোন, আপনি নিশ্চই যান; এই বেলা থেকে চালটালগুলো practice ক'রে নিন   আপনি gown টাউন পরেন না কেন? আপনাকে তা বড় চমৎকার দেখায়।

বিলা   কেন এ dressএ কি আমায় কুৎসিৎ দেখায়?

সিংহ   কুৎসিৎ   Angel   angel   but I will prefer you as an English angel to a native angel

( গৌরীকান্ত কাবফরমার প্রবেশ। )

বিলা   Well Gour dear, কি খবর? এস তোমায় Mr. Singএর সঙ্গে introduce ক'রে দিই; Mr. Sing my old friend, Mr Karformar my dear husband

গৌরী   বড় আনন্দিত হ'লেম, নাম শোনা ছিল মাত্র—আলাপ হ'ল; আসা হ'ল কবে?

সিংহ। This day week   এক হপ্তা হ'ল

গৌরী   আপনি কোন্ lineএ ঢুকেছেন?

সিংহ   Surgeon, Physician, Accoucher, M B, L R C P, L R C S (*Edin*) late Clinical clerk Rotunda lying in Hospital, member obstetrical society London & &, &.

গৌরী   বাঃ বাঃ বাঃ   খুব আশ্চয্য তো, এই মাস আষ্টেকের ভিতর আপনি এতগুলো টাইটেল পেলেন? সেলাই একজামিন দিতে হ'য়েছিল দেখ্‌ছি

সিংহ   Nothing of the kind, বিলাতে আমাদের মত

gentlemanএর examine দেবার ইচ্ছা না থাক্‌লে compel ক'রে insult করে না আমাদের English manners দেখ্‌লেই বিদ্যা হ'য়েছে বুঝে নেয় ; Fee দিলেই বুঝ্‌তে পারে respectable, আর degree দেয় ; আমার একটু practice জম্‌লেই Mai এ M. D টা আনিয়ে নেবার ইচ্ছা আছে

গৌরী বাড়ীতেই আছেন ?

সিংহ না, কাপড় ছাড়্‌তে বলে, ভাত খেতে বলে, আমি 5/1 গোবর্দ্ধন laneএ আছি।

গৌরী Excuse me, কিন্তু কাপড় ছাড়ায় হানি কি ?

বিলা Husband husband

সিংহ Don't mind Mr. Karforma, আমাদের বিলাত ফেরতদের dutyই হ'চ্ছে, লোককে এসব বিষয়ে enlightened আলোকিত করা, কি জানেন Mr. Karforma এখন আমায় পাগলই মনে করুন, আর যাই করুন, সময়ে এই dress whole worldকে ব্যবহার কর্‌তে হবে, Suez পার হ'য়েই দেখুন সব এই dress

গৌরী কিন্তু Asiaতে

বিলা Shutup, তোমার কাগজ বেরুল ?

গৌরী। হাঁ last proof দেখে দিয়ে এলুম ; ভাল কথা, Mr সিংহ মশাই, আমার একটা ভারি উপকার কর্‌তে পারেন আজ কাল কাগজে বিলাতের কথা থাক্‌লে খুব পসার বাড়ে, আপনি যদি বিলাতের তারিখ দিয়ে কতক গুলো পত্র ধরণে সেখানকার বর্ণনা করে, আমার কাগজের জন্য চিঠি দেন

সিংহ। Mr. Karforma আপনি হচ্ছেন আমার dearest friend, বিলাসিনী Karfurmaর husband, আপনাকে oblige করা আমার প্রথম কর্ত্তব্য ; কিন্তু there is one drawback প্রায় এক বৎসর বিলাতে থেকে বাঙ্গলা একপ্রকার ভুলে গেছি, এই যে আপনাদের সঙ্গে কথা বল্‌ছি সে অনেক কষ্টে, মনে মনে ইংরাজিকে তরজমা ক'রে ; আর বাঙ্গালির সঙ্গে ইংরাজি কথা কইবই বা কি এইজন্যে কিন্তু লেখা আমার ক্ষমতার বাইরে, তবে আমি এক কর্ম্ম কোরে পারি, একখান অনেক দিনের publish Diary আমার কাছে আছে পাঠিয়ে দেব date বদ্‌লে translate ক'রে নেবেন exactly suit কর্‌বে

গৌরী। Thank you বড় obliged হ'লেম।

সিংহ। Nothing nothing don't mention

বিলা। ওবেলা খাবার কি উদ্যুগ ক'রেছ ?

গৌরী। কি খাবে বল ক'রে দিচ্ছি।

বিলা। বেশি কিছু না, আমি সকাল সকাল খেয়ে নেব ; আজ আমাদের "পুরুষ দমন" সভার Anniversary, রাত্রে ফির্‌তে পারব কি না বল্‌তে পারিনি, তোমার সাহেব বোধ টোল যা হয় পরে ক'র, আমায় এক Plate sago pudding, আর খান চেরেক Cutlet ভেজে দিও ; কিন্তু দেখ যেন সেদিনকার মত পুড়িয়ে ফেল না

গৌরী। কয়লার আগুন ঠিক আঁচ বোঝা যায় না

বিলা। What a stupid ! this dear husband of mine is as stupid. Mr. Singh as—as—as—

সিংহ। What d'ye call it

বিলা Yes quite so, I half regret my choice, in taking him for my partner আমি তোমাকে কতবার দিন বলেছি যে আমার অবসর মতে ঘণ্টাখানেক ক'রে আমার কাছে বসে একটু একটু science এর lecture শুনো, তা তোমার হ'ল না, theory of heat জাননা রাঁধবে কি ক'রে ?

গৌরী। তা দিও একখানা বাঙ্গলা বিজ্ঞানের বই কিনে দিও, তোমার Ganot আমি বুঝতে পারিনি—

বিলা Ganot বুঝতে পার না, fie গোটা দুই সোজা কথা মনে রাখনা, আর Thermometer এর useটা শিখে নাও, তা হ'লেই হ'ল ; এক-শো degree centigrade এ boiling point, ৭৫ এর থেকে দুশো degree তে জলে উঠে, ১২৫ কি ১৩০ degree হলেই বেশ ভাজা হয়, কাট কয়লার জাল Science শিখলে বরফের জালে বাঁধা যায়

গৌরী। বরফের জাল। বরফ বরফ।

বিলা হ্যাঁ হ্যাঁ, বরফ যাকে Ice বলে, ভাবতে ভাবতে আমরা যা মাথায় দিই, ওলাউঠা হ'লে তোমরা যা খাও—সেই বরফ ; Sir Humphrey Davyর মতে দুখান বরফ ঘষাঘষি কোরে রীতিমত heat পাওয়া যায় আজ বাদে কাল আমি science M A. দিব আর আমার husband heat এর theory বোঝে না

( নন্দলালের প্রবেশ )

নন্দ Good day Mr Karforma, নমস্কার Mrs. ditto, Good day, Good day নীলরতন বাবু.

সিংহ  Mr Singh if you please—

নন্দ  Very good, Very Good, excuse me নীলবতন বাবু, I mean Mr Singh আমি আপনার বাড়ীতে গিয়ে ছিলাম, সেখানে শুন্‌লেম্ আপনি গোরস্থানে আছেন, গেলুম সেখানে, আপনার খান্‌সামা বোল্লে Mrs Karformaর বাড়ীতে গ্যাছেন, অমনি এখানে এলেম

সিংহ  আমি তো Noontimeএ বাড়ীতে থাক্‌লেও not at home; যা হোক, আবশ্যক কি?

নন্দ  এই বিলাতের সব কথা জিজ্ঞাসা কর্‌বো ব'লে। আচ্ছা, আপনি তো এই দশমাস ছিলেন, দশ মাসে সব সাহেব-দের মত হওয়া যায়?

সিংহ  ভাল Intelligence থাক্‌লেই পারে

নন্দ  আপনাকে বলি, আমি এবার L. A. দিব, second yearএ পড়্‌ছি, সেখানে examine দিলে হয় না?

সিংহ  আপনার সেখানে কি যাবার ইচ্ছা আছে নাকি?

নন্দ  ইচ্ছা। যাবই

সিংহ। আপনার fatherএর মত হবে?

নন্দ  আবশ্যক, বুড়দের মত আর কোন্ সৎকার্য্য হয়?

সিংহ। তবে টাকার যোগাড় কি রকম হবে?

নন্দ  সে যোগাড় বাবাই কচ্ছেন, এক রকম ঠিকও হ'য়েছে।

সিংহ  তাঁর মত নেই অথচ টাকার যোগাড় কচ্ছেন কি রকম?

নন্দ  তিনি আমার বিবাহের সম্বন্ধ কচ্ছেন, তাতে চার্ পাঁচ হাজার টাকা পাওয়া যাবে।

বিলা। বিবাহ কিরূপ পাত্রী? কি পাশ করেছে?—কি মতে বিবাহ?

নন্দ। সে সব বিশেষ কিছুই জানা যায়নি, বাবাও টাকার কথা ঠিক কচ্ছেন, আমিও তাই হাতাবার অপেক্ষায় আছি।

বিলা। কিরূপ পাত্রী জানেন না, দেখ্‌তে কেমন—আপনার চেয়ে বড় কি ছোট কতদূর লেখাপড়া জানে—আপনাকে বসে রেখে চালাতে পার্‌বে কি না—কিছুই জানেন না? হয় তো কোন অপবিত্র সেকেলে বে আইনি মতে বিবাহ হবে, এসব না জেনে না ঠিক ক'রে আপনি বিবাহ কোত্তে যাচ্ছেন?

নন্দ। দেখুন, আমি এক ঢিলে তিন পাখী মার্‌বো সমাজকে শাসিত কর্‌বো, বাবাকে শিক্ষা দিব, আর আমার শ্বশুর হবার যে বেয়াদবি রাখে তারেও শাস্তি দিব বাবা যেমন লাভের লোভে আমাকে একটা জানোয়ার জুটিয়ে দিচ্ছেন, সেই জানোয়ারের বাপ যেমন বাবাকে ঘুষ দিয়ে আমার মত educated manকে একটা পোঁটাপড়া মূর্খের সহচর ক'রে দিচ্ছেন, আর সমাজ যেমন এসব দেখে শুনেও বিন্ধ্যাচলের মত গা ঢেলে দিয়ে প'ড়ে আছেন—আমিও তেমনি বাগে যোগে টাকাটি হাত কর্‌বো অথচ বিবাহ null and void হবে।

বিলা। কিন্তু বালিকার দশা কি হবে?

নন্দ। There are ten thousands bachelors to choose from. যাকে ইচ্ছা সে বে কোত্তে পারে। I will get one milk white wife with a pair of cat's eyes

সিংহ Nothing like it my lady! আপনি এ কায করুন, যদি এতে কোন পাপ থাকে তবে বিলাত যাওয়ায় তা কেটে যাবে; বিলাত যাওয়ার উপযোগী গুণ আপনার অনেক আছে, Hat coatএর মান আপনি রাখ্‌তে পার্‌বেন। You will make a capital John Bull

নন্দ তা দেখে নেবেন, একবার কলাগেছে পার হ'লে কে আমাকে বাঙ্গালীর ছেলে বল্‌তে পাবে দেখ্‌ব! বাঙ্গলা কথাটা ভুলে যাওয়া যায় কি করে বলুন দেখি?

সিংহ। That's a secret amongst our fraternity. আগে passage engage করুন, তারপর privatey বলে দিব।

নন্দ। আর আপনার মত ঐ গায়ের গন্ধটা?

সিংহ তাও হবে

বিলা নন্দবাবু, আপনি বিলাত গেলে "চাদর নিবারিণী সভা" চালাবে কে?

নন্দ। আমাদের second yearএ সবাই উপযুক্ত লোক, একজন যে হয় ভার নেবে, আর একবার ফিরে আসি, চাদর কি "ভাত কাপড়-নিবারিণী সভা" কর্‌বো

বিলা গৌর, তুমি বসে এসব কি শুন্‌ছ? যাও রান্নাঘরে যাও, কিছু বুঝ্‌তে পার না শুদ্ধ stupidএর মত চেয়ে আছ

গৌরি। এই যাই (স্বগত) খুব সায়েন্টিফিক্ মাগ পেয়েছি বাবা, মাগ যেন পুলিশ!

[গৌরিকান্তের প্রস্থান।

সিংহ। আপনার husband খুব তো docile.

বিলা পতির প্রধান গুণ স্ত্রীভক্তি, যে পতি স্ত্রীকে না ভক্তি করে, সে ব্যভিচারী, পুরুষ-বেশ্যা, আর আমরা যদি স্বামীকে দমন কোত্তে না পারব, তবে আমাদের high educationএর ফল কি?

নন্দ দেখুন দেখি, আর stupid বাবা কিনা আমায় একটা ঘ্যান্‌ঘেনে মেয়ে জুটিয়ে দিচ্ছেন। ঘোম্‌টা দিয়ে থাক্‌বে, গাত চড়ে কথা কইবে না, নাচ্‌তে জানে না, গাইতে জানে না, পৃথিবীর কোথায় কি হচ্ছে খবর রাখে না।

সিংহ তা আজ যাই, আমার আবার Medical advice gratisএর সময় হ'ল, Dispensaryতে বস্‌তে হবে

বিলা উঠবেন—আবার দেখা হবে কবে?

সিংহ। যবে ইচ্ছা করবেন; No dog ever answered his Mistress' whistle so willingly and promptly.

বিলা Oh you flatterer!

সিংহ Then call your mirror by that name.

বিলা আমি কাল eveningএ আপনার visit return কোত্তে যাব, বাড়ীতে থাক্‌বেন তো?

সিংহ। At home and alone, we will have a cup of tea and sweet *tête—a—tête*, now goodbye (Shakes hand) Now Nanda Babu come to me any morning যা যা information চাই সব দেব।

নন্দ স্বধু information! আপনাকে আমায় বানিয়ে ছেড়ে দিতে হবে; আমি আজ থেকেই ছুরি কাঁটা আর আগুন পোয়ান অভ্যাস কোত্তে স্বরু করবো।

সিংহ বেশ বেশ! Ta-ta for the present old chap—expect you to morrow evening Mrs Karforma

বিলা। I remember.

[ সিংহের প্রস্থান।

তবে নন্দবাবু বিবাহ কোত্তে চল্লেন ?

নন্দ বিবাহ! হয় বিবি নয় আপনার মত Graduate আহা, গৌর বাবুর কি অদৃষ্ট।

বিলা কি, jealousy হয় নাকি ?

নন্দ কার না হয় ? আমি বিলেত থেকে ফেরা অবধি যদি আপনি Miss থাক্‌তেন ?

বিলা Wifeও তো widow হয়।

নন্দ Would to God, সে দিন কি হবে!

বিলা আপনি Science পড়্‌ছেন God বল্লেন যে, God মানেন নাকি ?

নন্দ রাম! ওটা কথার কথা বল্লেম, যে দিন Ganot কিনেছি সেই দিন বুঝেছি God নেই; তা আজ আসি, আপনাকে আর কষ্ট দেব না

বিলা। কষ্ট কি—কিছু নয়, তা যাবার আগে দেখা হবে তো ?

নন্দ দেখা হবে না! আমাকে একখানা আপনার Photograph দিতে হবে

বিলা। কত বিবি দেখ্‌বেন, আমার Photograph নিয়ে আর কি হবে?

নন্দ। আপনি gown পর্‌লে কোন্ বিবি আপনার কাছে লাগে, তবে goodbye.

[ নন্দ বাবুর প্রস্থান।

বিলা বেহারা!

( বেহারার প্রবেশ। )

বেহারা। বহু মহারাজ!

বিলা। বাবু ক্যা কর্‌তা?

বেহারা মশেলা পিয়্‌তা।

বিলা জল্‌দি হামারা খানা লেয়ানে বোলো, হাম গোসল-খানা সে আতা হ্যায়

[ উভয়ের প্রস্থান।

---

# তৃতীয় গর্ভাঙ্ক।

## গোপীনাথ বাবুর গৃহ।

গোপী। চার হাজার ছ্‌শো নগদ; চার হাজার ছ্‌শো যদি হ'ল—তার থাক্‌ছে কত? চার হাজার আলাদা ধরে রাখ, থাকে ছ্‌শো, ছ্‌শোর ভেতর বের খরচ, গায়ে হলুদ—আইবুড় ভাত—নান্দীমুখ—গুরু, পুরুত, নাপ্তে—বর আসা যাওয়া, এসব নিয়ে পঞ্চাশের কম আর হচ্চে না! ঘটককে বলেছি পঞ্চাশ, তা দিচ্ছিনি—পনের দেব, বেশি পেড়াপীড়ি করে আর পাঁচ, তা হ'লে হ'ল পঞ্চাশ আর কুড়িতে সত্তর, থাকেগে একশো ত্রিশ, তা হ'লে আর রইল কি! চিনিবাস মুদীকেই দিতে কুলোবে না

ওদিককার বড় ধবগে চন্দ্র চক্রবর্ত্তীদেব কাছ থেকে বাড়ীখানা খালাস ক'রে নেবার সেও স্থদে আসলে তেব শো টাকাব ওপব হ'য়েছে।

( ঝীর প্রবেশ। )

ঝী ধোপা এয়েছে গো, কাপড চোপড দেবে ?

গোপী তেব-শোই ধর

ঝী। তবুস্থ আস্তে বল্‌বো ?

গোপী খতে আর গহনা বাঁধা—সেও পাঁচ সাত শো।

ঝী। কি বিডিব্ বিড়িব্ হিসেব কোচ্ছ গো ? আমাব কথা কাণে তুল্‌ছ না যে ?

গোপী কি হ'য়েছে ?

ঝী না এমন কিছু নয়, আজ মাসেব ক-দিন ?

গোপী তেইশ দিন ; এই তো প্রায় দু-হাজাবের ওপব হাতে হাতেই বেবিয়ে যাচ্ছে

ঝী এখন কি হবে—দেবে ?

গোপী কি দেব ?

ঝী এতক্ষণ পবে বল্লে কিনা কি দেব ?

গোপী কি—বল্‌না ছাই, আমাব এখন মেজাজেব ঠিক্ নেই, মাথা ঘুরে যাচ্ছে

ঝী উঃ, তবু এখনও টাকাব পুঁটুলি ঘরে তোলেনি ; ধোপা এয়েছে কাপড় দেবে ? আব সে টাকা চাচ্ছে

গোপী তা কাপড় চোপড় দিগে না, এখানা আর ছাড়্‌ব না, বেশ ফব্‌সা আছে

ঝী আর টাকা ?

গোপী টাকা বল্‌গে যা ফুলশয্যার পরদিন সব চুকিয়ে দেব।

ঝী এ চুলোর ফুলশয্যা কবে হবে গা—মিন্সির হাড় জুড়ুবে!

গোপী আ-মর বেটী! ব্যাটার বেতে অকল্যাণে কথা ক'স্?

ঝী একে আর ব্যাটার বে বলে না, প্যাটার হাট, মেয়ে দেখা নেই, ঘর দেখা নেই, কেবল ট্যাকা ট্যাকা, আমাদের গরিবের ঘর হ'লে এক ঘরে কোত্তো

[ ঝীর প্রস্থান।

গোপী বেটীকে নে আর চলে না, মাইনেটা জমে গিয়ে বড় মুখ ছুটিয়েছে; আর বাকিয়ার দেনা জুটে আছে, পাওনা দারেরা একেবারে মুকিয়ে আছে, এর ভেতর দু-এক ব্যাটা মরে, তা কি বজ্জাত ব্যাটারা মর্‌বে! ছেলেটীর বে দে কিছু পাব—ব্যাটারা মার্কণ্ডের প্রমাই নিয়ে ব'সে আছে

( গিন্নীর প্রবেশ। )

গন্নি! এ যে দিয়েথুয়ে কিছু থাকে এমন তো বোধ হয় না?

গিন্নী হুঁ হুঁ "গুরুর কথা না শোন কালে প্রাণ যাবে তোমার হ্যাঁচ্‌কা টানে; আমি তো বলেছিলুম, অত কমে রাজি হওয়না; নন্দলাল কি আমার চার হাজারের ছেলে! কর্ত্তাপনা করা অমন মেনীমুখোর কায নয়

গোপী কি জান, এই দিতেই তাদের সর্ব্বনাশ হবে।

গিন্নী। তাদের সর্ব্বনাশ হ'ল তো আমার কি! আহা,

যে আমার সাত পুরুষের কুটুম গো. নন্দলালের পায়ে মেয়ে দেবে, তাদের চোদ্দপুরুষ উদ্ধার হ'য়ে যাবে, এতে পোড়ারমুখো মিন্‌ষের টাকা খরচ কোত্তে হাতে আগুণ লেগে যায়? আর সে মাগীই বা কেমন! মেয়ের মা—চোখ্‌খাগীর জামাইকে দিতে চোখ টাটায়, গায়ে গহনা টহনা নেই—বেচুক না।

গোপী। আমি একটা ঠাউরে আছি, আগে সব ঠিক হ'য়ে যাগ না, নন্দকে আড়ালে শিখিয়ে দেব এখন—সম্প্রদানের সময় একটা কোট ক'রে ব'স্‌বে

গিন্নী আচ্ছা, এবার তুমি কোচ্ছ কর আমি আর হাত দেব না, কিন্তু বছরের ভেতর বৌটোর যদি ভাল মন্দ হয়—নন্দর তদ্দিনে পাশ বাড়্‌বে, দেখ দেখিন্—তখন ছেলের ফের বে দিয়ে আমি দোতালা বাড়ী, আর নিজের গা ভরা গহনা কোত্তে পাবি কি না!

(ঝীর প্রবেশ।)

ঝী বাইরে যাওগো সব এয়েছে

গিন্নী কে এয়েছে?

ঝী সেই মড়িপোড়া মিন্‌ষে একটা কুপো, আর একখানা বের্‌ষো কাঠ—

গোপী মড়িপোড়া মিন্‌ষে কেরে?

ঝী সেই তোমার সকের ঘটক, যে এই ছেলাদ্দের যোগাড় কোচ্ছে।

গিন্নী ওকি কথা রে?

ঝী কাদেব ছেবাদ্দের কথা বল্‌ছি, যাব টাকা খবচ—তাবই তো ছেবাদ্দ, আমরা নেব আগাব তো বেযো বহ নয়

গিন্নী। ( সহাস্যে ) মাগী যেন কি.

গোপী বুঝি ছেলে দেখ্‌তে এযেছে ; গিন্নি, কপাটের আড়ালে দাঁডাবে এস, দেখি যদি কিছু আবো বাড়াতে পাবি ঝী যা দেখিন্ চট্ ক'বে নন্দকে ডেকে আন্, বুঝি এই চক্রবর্ত্তীদের বাডীতেই আছে।

[ কর্ত্তাগিন্নীর প্রস্থান।

ঝী বাবা বাবা—বাবা, একি বেটাব বে দেওয়া গা. আহা, বেচাবার মেয়ে হ'যেছে বলে কি যত আপবাধ ! একেবারে যবাই কবা, কত্তাগিন্নীতে মুখোমুখি ক'রে কেবল পবামর্শ আঁটছেন। গিন্নী আবাব কত্তাব বাবা, বলে বাড়ীখানা ছেলেকে লিখে দিক না সব চুকে যাক এবা কায়েত না কসাই, কোথেকে এক উনুনের পাঁশ হ'য়েছে ছেলে পাশ হ'ল তো অমনি মা বাপেব হাঁসের মত পেট হ'ল, যত দাও খাঁই আব মেটে না আহা, সেবারে ঘোষেদেব উপ্‌রো উপ্‌রি দুটো মেযেব বে দিযে একেবাবে সর্ব্বনাশ হ'য়ে গেল ; ভিটে গেল, চাকর লোকজন ছাড়িয়ে দিলে; আহা তাদেব ঘব থাক্‌লে কি আব এ হতভাগা সংসাবে ঢুকি পোডা কোম্পানিতে এত কচ্চে. এব আব একটা কিছু ক'তে পাবে না ; ঘাটে ঘাটে যেমন মড়াপোড়ানব রেট বেঁধে দিয়েছে, ছেলে মেয়ের বেরও তেমনি একটা কিছু ক'বে দেয়, তা হ'লে মুদ্দফরাস বরেব বাপগুলো জব্দ হয়। যাই কোথা আবার ননীবগোপাল আছেন খুঁজে আনিগে, পাশ ক রে তো রাজা ক'রেছেন, কেবল দেখ্‌তে পাই

চক্ষু দুটীর মাথা খেয়েছেন, নাকের ওপর সাসী খড়খড়ী বসিয়েছেন।

[ ঝীর প্রস্থান।

## চতুর্থ গর্ভাঙ্ক।

( গোপী বাবুর বহির্বাটী। )

গোপী বাবু, মন্মথ বাবু, লোকনাথ বাবু ও ঘটক আসীন।

ঘটক। কৈ, তামাক দিলে না, চাকরবা সব গেল কোথা? ও গোপাল, রাখালে! বাজার টাজারে গেছে বুঝি, সংসারের কাজ তো কম নয়—ঝী! ঝী! আস্ছে—এই আসে ভাব কি, গোপী নাথ বাবুর সব সেকেলে চাল—বুঝেছেন মন্মথ বাবু, পৈত্রিক সেকেলে ঘরদোর কিছু বদলাননি, বলেন চণ্ডীমণ্ডপ ভেঙ্গে দালান ক'রে কি কর্ত্তাদের কীর্ত্তি লোপ কর্‌ব মেয়ে পরম সুখে থাক্‌বে, নিজের মেয়ে হয়নি—শাশুড়ীর বৌ অন্ত প্রাণ হবে; সোণার সংসার, কিছুরই অভাব নেই; চাকর দাসীতে খাট্‌বে, মেয়ে পায়ের ওপর পা দিয়ে ব'সে খাবে গোপীনাথ বাবু নিজে পছন্দ ক'রে সব ভারি গহনা গড়িয়ে দেবেন, তাই নগদ টাকা নিচ্ছেন।

গোপী। মহাশয়ের কার বাড়ী কর্ম্ম করা হয় বাছা?

মন্মথ। Swindle Smuggle Companyর বাড়ী cashএ থাকি

গোপী। ক্যাস আপনার হাতে, তবে উপরিও বেশ দশ টাকা আছে?

মন্মথ  যৎসামান্য, সেকাল আর নেই, তবে কোন মতে সংসার চালান ভার নিজে ঐ আড়ৎখানি করেছি

ঘটক  (জনান্তিকে) চুপ্, চুপ্

গোপী  আড়ৎ করেছেন? কৈ ঘটক মশাই সে কথা তো আমায় বলনি!

ঘটক  সে লোকসেনে আড়তের কথা আর মুখে আন্তে আছে, এই শীতের মরসুমটা দেখেই তুলে দেবেন।

গোপী। তুলে দেবেন কেন—জামাইকে দিন না।

ঘটক। (স্বগত) এই সার্‌লে রে।

মন্মথ  আজ্ঞা, সেখানি আমার পরিবারের স্ত্রীধন।

## (ঝীর প্রবেশ।)

ঝী। গিন্নী বল্‌ছেন ভালই তো, ব্যান কেন জামাইকে দিক না, মাগীর এরচেয়ে আর আহ্লাদ কি—এমন দিন আর কবে হবে!

ঘটক। ওরে বাছা—তুই এয়েছিস, হু-কল্কে তামাক আন্ দেকি।

ঝী। বোস, আমার এখন একগাঁই বাসন পড়ে রয়েছে; তামাক কোতা—বাজাবে টৌক্‌লা সাধ্‌তে যাব তবে তো সব আস্‌বে, একলা মানুষ আর কত কর্‌বো।

গোপী  তুই এখন যা যা পাগ্‌লী কোথাকারে! নন্দ কোথায়?

ঝী  দাঁড়াও এখন, আধঘণ্টা ধরে সিঁতে বাগান হোক্; সে জলের ঘটী পড়েছে, আর্‌সি বেরিয়েছে, আঁচড়াচ্চেই—আঁচড়াচ্চেই, পোড়াচুল আর ফেরে না, সে শোবারের কুঁচি

সোজা হবে কেন, ব্যাটাছেলের অত সিঁতে কেনগো, সিঁদুর পর্‌বা না কি ?

গোপী। যা যা—তুই বাড়ীর ভেতর যা আমার বাড়ী এদ্দিন রয়েছে, আজও কথা কইতে শিখ্‌লে না, যা আপনার কাজ কর্‌গে যা

ঝী। তা যাচ্ছি, যাব না তো কি দাঁড়িয়ে থাক্‌বো ; কৈ মেয়ের বাপ কোন্‌টী ? ঐ মোটা মানুষটী বুঝি—বলি হ্যাঁগো বাছা, বসে বসে গোঁপ মোচড়ালে চল্‌বে না আমার তাগা দানা ওসব চাই ; কত্তা তো টাকা পাবে—দেনা শোধ কর্‌বে, মেয়েকে ঘর কোতে হবে আমার সঙ্গে গিন্নী ঠিক ক'রে আছেন, বৌ এলে আর হেঁসেলে ঢুকবেন না, আমি এমন গয়লার মেয়ে নই, তখন বুঝে নেব

গোপী ওরে বাপু তোর গুষ্টির পায়ে পড়ি—বাড়ীর ভেতর যা।

মন্মথ হবে—হবে, তোমার হবে বৈকি।

ঝী হাঁ হাঁ.

[ ঝীর প্রস্থান।

গোপী পুরোণো লোক হলে যেন মাথায় চড়ে, তায় আবার মাগী পাগল, তবে বিশ্বাসী লোক বলেই রাখা ; বাবুর কি নাম ?

লোক আজ্ঞা, আমার নাম শ্রীলোকনাথ দাস দে

মন্মথ উনি আমার ভগ্নীপতি, বাসদেবপুরের High schoolএর Head master পূজোর ছুটিতে বাড়ী এসেছেন

ঘটক ভদ্রলোক গো, ভাঙ্গবহাটীর দে ওঁরা, যত মুখ্যি-কুলীনের সঙ্গে ওঁদের ক্রিয়া, আর লেখাপড়ায় একেবারে কেরাণী, এখনকার পাশফাস নয়—ওঁরা সেকেলে।

( নন্দের প্রবেশ। )

গোপী এস বাবা বস', এই দেখুন, এইটী আমার পুত্র

ঘটক কার্ত্তিক কার্ত্তিক—কার্ত্তিক জামাই হবে! মন্মথ বাবু দেখুন চেহারাটা একবার তবু এখনও নায়নি

মন্মথ নামটী কি বাবু তোমার?

নন্দ N. Sarcar.

ঘটক বাঙ্গলা ক'রে বল বাবু, নাম বাঙ্গলায় বল্‌তে হয়, ইংরাজি লেখাপড়ার কথা পরে হ'চ্ছে

নন্দ তুমি কে?

ঘটক আমি কে জান না, আমিই মূলাধার—প্রজাপতির পাখ্‌না, আমি না হ'লে কি বে হয় বাপু? আমি ঘটক।

নন্দ ঘটক! দালাল! তোমার License আছে?

ঘটক আমার লাইসিনি তোমরা

নন্দ Idiot

নন্দ নন্দলাল সরকার কিন্তু এখনকার Universityতে Hunterএর মত চলিত, সেই মতে N. Sarcar বল্লেই sufficient হ'ল, লোকেরও বুঝে নেওয়া উচিত।

লোক। ঠাকুরের নাম?

নন্দ কি ঠাকুর!

মন্মথ পিতার নাম জিজ্ঞাসা কচ্ছেন।

নন্দ সামনেই বসে আছেন—জিজ্ঞেস কোত্তে পাবেন, আমায় for nothing trouble দেওয়ার আবশ্যক ?

মন্মথ। (স্বগত) বাবা, একি ছেলে গো। যেন জাহাজি গোরা!

ঘটক ছুটো লেখা পড়ার কথা জিজ্ঞেস করুন দে মশাই, এখনকার সব কালেজের ছেলে, বাপ পিতামোর নামের ধার ধারেনা।

নন্দ। আবার তুমি কথা কইচ, কথার কি বোঝ, ইংরেজি পড়েছ ?

লোক। পড়া হচ্ছে কোথায় ?

নন্দ Second year class, Freechurch Institution, College department

লোক One divided by Zero কত হয় বল দেখি ?

নন্দ What a question! আপনি graduate ?

লোক না বাপু।

নন্দ তবে আপনার কাছে আমি examine দিতে পারিনি

মন্মথ উনি একজন সেকেলে senior scholarship holder, পাকা লেখাপড়া জানা লোক, high schoolএর head master

নন্দ হ'তে পারে, schoolএর পড়া এক রকম চালাতে পারেন, কিন্তু সেকেলে লেখাপড়া কলেজে চলে না ; University র vast area of different knowledge grasp করবার capacityই ওঁদের নাই। Physics Dynamics Accoustics, Optics উঃ। এ সব ideaই কোত্তে পার্‌বেন না

গোপী  একটু বল, যা জিজ্ঞেস কচ্চেন শোনই না, এত শিখেছ—কিছু পরিচয় দাও।

নন্দ  পরিচয় আর দেব কি! আমার "চাদর নিবারিণী সভা'র" সব Lecture পড়েন নি?—Graduate's guardianএ সব বেরিয়ে ছিল, গেল Anniversaryর speechএতে বলে ছিলেম—Of man's first disobedience the evil that befell on the intellectual biped breed nothing excels in enormity, the curse that alighted, like a bombarded bomshel on the heads of Bengalees, (hear hear, loud applause) I mean the use and abuse of sinful sheets vulgarly known as Chadar এই চাদরের চক্করে পড়িয়া বঙ্গবাসী যে কি রাশি রাশি দুঃখার্ণবে দহন হইতেছে, তাহা বলিতে গেলে Websterএ Emphasis খুঁজিয়া পাওয়া যায় না। (ঘন করতালি) আর কত বল্‌বো এই নিন, এই Pamphletএ সব আছে পড়ে নেবেন

ঘটক। দেখুন মন্মথ বাবু, লোকনাথ বাবু দেখ্‌ছেন! একেবারে অদ্বিতীয় কেশব সেন; ইংরেজি যেন তুব্‌ড়িতে আগুণ দিলে, আর বাঙ্গলাও কিবা ভঙ্গিতে! নিন—বেলা হ'ল, আশির্ব্বাদ ক'রে ফেলুন—যাওয়া যাক্।

মন্মথ। এস বাবু দীর্ঘজীবি হ'য়ে থাক  (মোহর প্রদান)

নন্দ  আমায় মাপ করুন, আর বস্‌তে পারিনা, বিলাসিনী Karformaর বাড়ীতে আমার engagement আছে, সেখান থেকে গোরস্থানে যাব, Mr Sing নেমন্তন্ন করেছেন

ঘটক  এস এস, আশীর্ব্বাদি করগে, বেলা হ'য়েছে।

গোপী ওটা আমা'র কাছে নয় তোমার গর্ব্বাবিণীর কাছে রেখে যাও, হারিয়ে ফেল্‌বে

নন্দ তুমি আর আমাকে political economy শিখিও না Good morning to all of you.

[ নন্দর প্রস্থান ।

মন্মথ। বাবাজী দেখ্‌তে শুন্‌তেও ভাল লেখা পড়াও হচ্ছে, কিন্তু মেজাজটা কিছু রুক্ষ

গোপী আগে ছিল না, এই বছর দেড়েক হ'ল হয়েছে ; বোধ হয় ওটা কালেজের গরমি, গোরা ম্যাষ্টারদের কাছে পড়ে কিনা .

ঘটক হ্যাঁ হ্যাঁ, হতেই পারে ; "যথা নিযুক্তোস্মি তথা করোমি" যেমন করাও তেমনি করে ; আর গোরাদের সংসর্গে থাক্‌লেই মেজাজটা একটু ঘুসোঘুসি রকম হয়

লোক ওটার জন্য ভাববেন না—অতটা থাক্‌বে না। এই L A classটা সর্ব্বনেশে class আমি ও বেশ দেখেছি ; ওটা পার হ'লেই অনেক ঠাণ্ডা হ'য়ে আস্‌বে একেবারে school-এর বেতের হাত এড়িয়ে collegeএ ঢোকে, professorএ বাবু ব'লে ডাকে ; উঁচু উঁচু subjectএর দু-এক পাতা পড়ে গরম হ'য়ে ওঠে

ঘটক দেখেছ, ম্যাষ্টার মানুষ কিনা ঠিক ধরেছে, ম্যাষ্টার না হ'লে ছেলেও চেনে না, আর গয়লা না হ'লে গোরুও চেনে না

মন্মথ তবে অনুমতি হয় তো আজ উঠি, আবার একবার আলিপুর যেতে হবে, একখানা মকদ্দমা আছে

গোপী। সাক্ষি দিতে? ওঃ। আপনার তরে অনেক কাজ?

মন্মথ। হাঁ, এক গেরো।

গোপী না না, গেরো নয়—গেরো নয়, মাসে দু একটা অমন জুট্‌লে ভাল, ওতে দু পয়সা আছে

লোক সম্বন্ধি, ব্যাই মশাই এক হাত বড় নিলেন, সত্যি সত্যি ব্যবসা সুরু করেছ নাকি?

মন্মথ ব্যাই মশাইদের চাপাচাপিতে চুরি না কোত্তে হ'লে হয়!

গোপী হাঃ হাঃ হাঃ

ঘটক। হাঃ হাঃ হাঃ। ভাল ভাল—তুংক্ষ থেকে আমার একখানি ছোটখাট কোষ্ঠী করে দিতে হবে, এবার হরগৌরী মিলন ক'রে দিচ্ছি।

( ঝীয়ের প্রবেশ। )

ঝী এই নাও তামাক খাও

ঘটক। এস এস .

ঝী ওরে আমার ইষ্টিঠাকুর। তোমার জন্যেই নিয়ে এলুম কিনা? মেয়ের বাপকে দের—আমার তাগা দানা তসব চাই

গোপী আ-মর বজ্জাত মাগী, বড় বাড়িয়েছিস .

মন্মথ না, আমরা কেউ তামাক খাইনে, তুমি বামুনের হুঁকো এনে দাও।

ঝী বাউনের হুঁকো কোথায় খুঁজ্‌তে যাব!

গোপী। যেখানে পাস খুঁজে আন।

ঘটক থাক্ থাক্, আর কায নাই

মন্মথ তবে আসি মশাই—নমস্কার

গোপী নমস্কার, নমস্কার,

লোক মশাই আর কষ্ট কচ্ছেন কেন—বাড়ীর ভেতর যান নমস্কার!

[ লোকনাথ, ঘটক ও মন্মথের প্রস্থান।

গোপী তুই বেটী কি ঠাউরেছিস্ বল্ দেখি, লোক মানিস না, জন মানিস না, যা মুখে আসে তাই বলিস্?

( গিন্নীর প্রবেশ )

গিন্নী তাই বল্‌তে আমিও আস্‌ছি—ছোট মুখে বড় কথা, ছুঁচ মাগী.

ঝী। ও বাবা! কর্ত্তা গিন্নী দুজনে যে একেবারে তেড়ে এলে, কি মার্‌বে না কি?

গিন্নী। ঝেঁটিয়ে বিষ ঝেড়ে দেব; বেরো বেটী আমার বাড়ী থেকে, আমার খাস আমারই ছেলেকে গাল।

ঝী কি গাল দিলুম তোমার ছেলেকে ওঃ! মুখ দেখ! ঝ্যাঁটা—ঢের ঝ্যাঁটা দেখিছি

গিন্নী। আমার ছেলের চুল শোরের কুঁচি? পোড়া চুল? হারামজাদা মাগী

ঝী গাল ধর্‌বো না কি শুন্‌বে একবার গাল, ছুটোবো মুখ?

গোপী থাক থাক গিন্নি, আর কথায় কাজ নেই, অমন লোক রাখ্‌তে নেই, ওকে বিদেয় ক'রে দাও।

ঝী দাওনা বিদেয় ক'রে—যাচ্চি চলে, দাও—এখুনি আমার মাইনে পত্তর চুকিয়ে দাও

গোপী নেযাস—যখন আমার সময় হবে তখন দেবো।

ঝী। সময় হয় বুঝিনি

গোপী না বুঝিস্—যে ক'রে পারিস আদায় করিস, নালীস কর্‌গে যা

ঝী নালীস করব, গালাগালের চোটে আদায় করব, রাস্তায় বেরুবে না? আমি এমন গয়লার মেয়ে না। দেখি টাকা আদায় হয় কি না! অন্ন যোড়ে না—ঝী রাখা, কি আমার ভদ্দর গো!

গিন্নী। বেরো নচ্ছার বেটী, বাড়ীতে বসে গালাগাল.

ঝী না, এই রাস্তায় দাঁড়িয়ে গাল্ দিচ্চিগে; নচ্ছার বেটী—কে নচ্ছার ভগবান দেখ্‌ছেন; আমার টাকা মারলে ভগবান দেখবেন, তেরাত্তির পোয়াবে না, বেটার বে ঘুরে যাবে আজও ধর্ম্ম আছে, এখনও সোমবারের পর মঙ্গলবার হচ্চে, সূয্যির পর চাঁদ উঠ্‌ছে; আমি যদি সত্যি গয়লার মেয়ে হই, মধুসূদন যেন তেরাত্তির না পোয়ায়, এই ব্যাটার শোক যেন পেতে হয়

[ ঝীর প্রস্থান।

গিন্নী দেব বেটীকে ঝেঁটিয়ে?

গোপী আর কাজ নেই, যাক্ বিরিয়ে গ্যাছে—চল বাড়ীর ভেতর চল।

গিন্নী ছোটলোক মাগী.

[ উভয়ের প্রস্থান।

# দ্বিতীয় অঙ্ক।

## প্রথম গর্ভাঙ্ক।

( মন্মথ বাবুর বহির্বাটী )

মন্মথ হাঁাগো ব্যাই মশাই, এখন আবার একি কথা?

গোপী আমি কি কর্‌ব বলুন?

মন্মথ হাঁাগো ঘটকঠাকুর কথা কচ্চো না যে, ছাঁনলা-তলায় দাঁড়িয়ে একি কথা?

ঘটক ত'ই তে'—ত' মাশোক একটা মেটামেটি ক'রে ফেলুন, শুভকার্য্য সম্পন্ন কর্‌বার আর বিলম্ব কর্‌বেন না।

মন্মথ বলি ব্যাই মশাই উপায় কি? আমার যে জাত যায়, কায়স্থের জাত রক্ষা করুন; যা কিছু সঞ্চিত ছিল দিয়েছি, বাড়ীখানি পর্য্যন্ত বাঁধা দিয়েছি, আর পাঁচ শো টাকা আমি এখন পাই কোথা?

গোপী কি জান ভাই- দেখ্‌লে তো, আমি ওর একটী পয়সা ছুঁয়েছি? তোমার জামায়ের হাতেই সব, তাকে যাতে সন্তুষ্ট কোত্তে পার কর আমি এক পয়সা—গো-রক্ত—সে শালা—মধুসূদন রাম, রাম!

মন্মথ এ যে ঘোর বিপদ, কথাবার্ত্তা সব চুকে গেল, যা বল্লেন তাই স্বীকার কল্লেম, মাথা বিক্রী ক'রে এক রকম সর্ব্বস্ব দিলেম, এখন পীড়িতে দাড়িয়ে পেড়াপাড়ি—আমার জাত নষ্ট করা।

ঘটক "গতাং বহুতরা কান্তা, স্বল্পা তিষ্ঠতি শর্ব্বরী"—এত সয়েছেন আরও কিছু স'ন, বাবাজীকে বুঝিয়ে সুজিয়ে একরকম মাঝামাঝি রাজী করুন, চলুন বাড়ীর ভিতর চলুন আমিও যাচ্ছি

গোপী হ্যাঁ হ্যাঁ, দ্যাখ ব্যানের ঠেঁয়ে কিছু থাক্‌তে পারে

মন্মথ পরম শত্রুরও না মেয়ে হয়, আসুন ঘটকঠাকুর.

[ মন্মথ ও ঘটকের প্রস্থান

গোপী। পরামাণিক চট্‌ যা, নন্দর কাণে কাণে ব'লে দিগে নিদেন আদা আদি আছে। আছে! মাগীর হাতে আছে! আর দ্যাখ সব টাকা আজকের মত নন্দ নিজে রাখে, আমায় যেন সাফ রাখে; আর আমার হাতে টাকা না থাক্‌লে গুরু, পরামাণিক, ঠাকুরপ্রণামী, শয্যাতোলানিগুলোর জন্যেও পেড়াপীড়ি কোত্তে পার্‌বে না, যা চট্‌ যা

পরা। যে আজ্ঞা আমি ঠিক্‌ বুঝিয়ে দিচ্ছি।

[ পরামাণিকের প্রস্থান।

গোপী। আমার ছেলে তো, তায় আবার এলে পড়েছে, ঠিক সময়ে কোর্ট ক'রেছে; ব'হব' নন্দলাল; দেব দেব, ওর বরাবর সাধ বাইরের ঘরটা পরিষ্কার ক'রে, টেবিল চেয়ার কিনে বসে, দেব—কিনে দেব; টাকা পঞ্চাশ ষাট নন্দর প্রতি খরচ কর্‌ব, না হ'লে ভাল দেখায় না, ধত্তে গেলে এ সব টাকা তো ওরি আঃ, রাতটে পোয়ালে বাঁচা যায়! পাওনাদার ব্যাটাদের সঙ্গে একটা রফা কোত্তে হবে, একেবারে টাকা চুকিয়ে দেব

কিছু কিছু ছুট দেবে না ? না দেয়—একটী পয়সাও দিচ্ছিনি —নালীস করুকগে, খরচা ক'রে মরুক তারপর কোম্পানির কাগজ কিনি না চোটায় খাটাই ? চোটার মত টাকা বাড়াবার সুবিধে কিছুতেই নেই, চক্রবর্ত্তীরে বড নাক উঁচু ক'রে চল্‌তো, এইবার দেখবো। গিন্নীর নমস্কামনা সিদ্ধি হয়, নন্দর বিয়ে পাশ হ'তে হ'তে এত বৌটীর ভালমন্দ হয় তা হ'লে দশ হাজারের একটী পয়সাও কম নয়! এক প্রকার বড়মানুষ হওয়া যায় আজকাল্‌কার ছেলে যে দু বিয়ে কোত্তে চায় না, আবার তাও বলি—সতীনে যে মেয়ে দেবে সে আর পয়সা দেবে না। গিন্নীরও অন্যায়, একটী বেটা বিইয়ে বসে রইলেন দেবনা তো ওর গহনা খালাস ক'রে, ফের বেটা বিউক, বে দিক, গহনা খালাস করুক।

(ঘটক ও মন্মথের প্রবেশ )

ঘটক জানি প্রজাপতির লীলা, সিদ্ধিদাতা গণেশ সব শুভ কর্‌বেন, আর যেখানে শর্ম্মা আছেন সব শুভ! সব শুভ!

গোপী কি কি। কি হ'ল কি ?

মন্মথ আর হবে কি ঝোড়েপুড়ে নগদ সাত্তরটী টাকা বেরুল, আর আমার পরিবারের কাঁকালে পনের ভরির সোণার গোট ছিল—দিলেম

ঘটক বেশ হয়েছে—উত্তম করেছেন, আর ওকথা উত্থাপন কর্‌বেন না, ওসব আপনার মেয়েরি রইল, দেখে নেবেন আমার কথা, মেয়ে ঐ গোট কাঁকালে দিয়ে আবার এখানে আস্‌বে, ও টাকা আপনার মেয়েরই বাক্‌সে থাক্‌বে, আজকাল্

কার মেয়ে, স্বামীকে কাণে ধরে ওঠাবে বসাবে, দেখবেন তো গোপীনাথ বাবু এক পয়সাও হাতে কল্লেন না

গোপী রাম রাম ও টাকা আমার ভাদ্রবধূ, আমি ও টাকা ছুঁই, আর আমার আবশ্যকই বা কি ? যা হোক, এখন তো সব চুকে গেছে ?

ঘটক নির্ব্বিঘ্নে ! বরক'নে বাসরঘরে গিয়েছে, বিস্তর মেয়েছেলে জড় হ'য়েছে ; মন্মথ বাবুর যত বড়মানুষ কুটুম, খরচেরও ক্রটী করেননি

মন্মথ এখন আসুন, আপনি কিছু জলটল খাবেন

গোপী আমি আর না, অধিক রাত্রে খাওয়া আমার সয়না, যাই গিয়ে একটু গড়াইগে, আবার সকালে আসতে হবে ; নটার পরই বারবেলা পড়্‌বে, এর মধ্যেই এদিককার সব সেরে বরক'নে নিয়ে যেতে হবে

মন্মথ কিছু মুখে দেবেন না সেটা কি ভাল দেখায় ?

গোপী না, আজ থাক—খাবই তো, এখন ঘর হ'ল রোজ খাব, পৌত্তুরের হাত ধরে এসে পাতপেড়ে খাব, এখন আসি

মন্মথ তবে আর কি বল্‌বো কিন্তু একটু যা হোক—

গোপী কিছু না কিছু না, আপনি শয়ন করুনগে, রাত্রি অধিক হ'য়েছে, আর বাড়ীর ভেতর ব'লে দেবেন নন্দকে একটু ঘুমুতে দেয়, নইলে অসুখ কর্‌বে

ঘটক হ্যাঁ, আজ তাই দেবে, এখন চলুন—আমিও বাসায় যাব, তারপর দুই বেয়ায়ে কাল সকালে আমায় সন্তুষ্ট কর্‌বেন, তাহ'লে শুভকার্য্যের চূড়ান্ত হ'য়ে যায়, ব্রাহ্মণ—আশীর্ব্বাদ কোত্তে কোত্তে যাব

গোপী। তবে আসি এখন

মন্মথ মশাই! মশাই। প্রণাম হই ঘটকঠাকুর।

ঘটক কল্যাণ হোক—কল্যাণ হোক—খুব কাজ কোল্লে, রাজা রাজড়ার মত কাজ কোল্লে

[ সকলের প্রস্থান।

# দ্বিতীয় গর্ভাঙ্ক।

( বাসর-ঘর। )

নৃত্য কিহে বর! একমনে ভাবছ কি? দুটো কথাবার্ত্তা আমাদের সঙ্গে কও, আমরা তোমার সঙ্গে রাত জাগ্‌তে এলুম

বর (স্বগত) ঠকা হবে না, বাসরে বোবা বেরসিক না বলে

সুর কি, নৃত্য কি বোল্লে, ওর কথার উত্তর দাও, ও তোমার বড়শালী

নন্দ। কি নাম বল্লেন ওঁর?

সুর নৃত্য—নৃত্যকালী

নন্দ বেশ নাম তো, নৃত্যকালী কি?

সুর নৃত্যকালী কি আবার? নৃত্যকালী তোমার শালী।

নন্দ। আপনি দেখ্‌ছি একজন প্রসিদ্ধ কবিবর মুখে মুখে কবিতা রচনা কোত্তে পারেন; আমি জিজ্ঞাসা কচ্ছিলেম নৃত্যকালী ওঁরা কি?

মোহি। কি আবার, কায়েত—তোমার শালী কি ডোম

হবে নাকি ? ওর শ্বশুররা বোস, কালেজে পড়েছ আর এটা জাননা ? দেতো সুরি শালার কাণ মলে

নন্দ। তাই বলুন নৃত্যকালী বোস

সুর ওমা কোথায় যাব . হাঃ হাঃ হাঃ, নৃত্যকালী বোস, ও মেজদি, তুই নৃত্যকালী বোস ? হাঃ হাঃ হাঃ, আর ঠাকুর জামাইকে বল্লিস নাম জিজ্ঞাসা কোল্লে বলে জীবনকৃষ্ণ দাসী। হাঃ হাঃ হাঃ, নৃত্যকালী বোস—দে শালার কাণমলে, টান্‌তো মোহিনী দিদি ডানকাণ ধ'রে, আমি শালার বাঁকাণে পাক দিয়ে বোস বের কোচ্ছি। ( কাণমলন। )

নন্দ। উঃ উঃ উঃ। লাগে লাগে—লাগে, ছাড় ছাড়, স্ত্রী-স্বাধীনতায় এতদূর কর্‌বার কথা নেই ? কাণ গেল যে, একি স্ত্রী-স্বাধীনতা ? কৈ বিলাসিনী কারফরম তো গৌর বাবুর কাণমলে দেননা, ছাড়—ছাড়—

মোহি কেন শালা তবে আমাদের মেয়ে মানুষের নাম বিগ্‌ড়ে দাও ? আমাদের অমন "অবলা সরলা" নামগুলিতে ওঁদের কট্‌কটে পদবী জুড়ে দিচ্ছেন , নৃত্যকালী বোস, আমি তবে মনোমোহিনী দত্ত, ও তবে সুরৎকুমারী হাজ্‌রা ?

বস আমিই তবে গেছি ভাই, আমার ভাতার যে দিনে শুন্‌বে, আমি বসন্তকুমারী মজুমদার, সেই দিনেই আমায় পরিত্যাগ কর্‌বে, বিট্‌কেল নামের ওপর সে বড় চটা

নৃত্য যা হোক, এসব ভাল, খুবই চল্‌তে লাগলো, দুটো ছড়া বল, গান শোন

মোহি হ্যাঁ ভাই ঠিক—ঠিক বলেছিস, একটী গান বল তো ভাই বস !

নন্দ দাঁড়াও, কাণ জ্বল্‌ছে

বস এস এস, আমি হাত বুলিয়ে দিচ্চি, আহা। দেখ-দেখিন রাঙা হ'য়ে উঠেছে সুবি তুই বড় দুষ্টু মোহিনীও কম নয়, তুমি গাও ভাই।

নন্দ আমি বড় সন্তুষ্ট হ'লেম, আপনারা যে কুসংস্কার বর্জ্জন ক'রে স্ত্রীপুরুষে একত্রে মিলে গীত বাদ্যাদি আমোদ কোত্তে শিক্ষা করেছেন, এ ভারতের উন্নতির পাষাণ সোপান। এ ছেলির পুঁটুলিটীর ভিতর কি সাড়া শব্দ নেই!

বস ওর ভেতর সাতরাজার ধন

সুব। তোমার কলা বৌ, বুঝেছ গণেশরাম, এখন গাও, ওর তখন চিরকাল পরিচয় নিও

নন্দ সভায় গীত বিষয়ে স্ত্রীলোকই নেতা

সুব নেতা, নে ভাই নেতাদিদি, বর বলেছে নেতাকেই গাইতে হবে

মোহি বেশ বেশ, বের বাসব তোর সেই গানটা গা; শোন একবার, তোমার শালীর গলা শোন, যেন শেখা বিদ্যে।

নৃত্য। না ভাই, বাবা শুন্‌তে পেলে বক্‌বেন।

সুব মামা কোথা? মামা সেই সদরের ঘরে ঘুমিয়েছেন, তুই গা

নৃত্য দ্যাখ ভাই, নিন্দে টিন্দে ক'রনা তে মরা কত যা-গায় গান শোন, আমরা গেরস্তর বৌ—শুনে শেখা বৈত নয়।

নন্দ আপনি গান্‌না, নিন্দে কি? আমি এ বিষয় কাগজে ভাল ক'রে ছাপিয়ে দেব

নৃত্য সর্ব্বনাশ, এমন কাজ ক'রনা, তা হ'লে আমি গাইব না।

বস না না, লিখ্তে তাই যাচ্ছে তুই গা।

নৃত্য।— যোগীয়া—খেমটা

"ওমা কেমন যোগী ছি ছি লাজে মরি।
সাধে পায়ে ধরে, বল কি করিলো।
ভাসে নয়ন দুটী, তোলে বদনখানি,
বলে রাখ রাখ মানিনীলো ;—
যোগী অনুরাগে, মান ভিক্ষামাগে,
( ওলো ) যোগীরে যেতে বল, আমরা কুলনারী।"

নন্দ। চমৎকার! Bravo রচনা অতি সুন্দর, আপনার মধুর গলা।

নৃত্য এইবার ভাই তুমি গাও, কত থিয়েটার সোন, একটী থিয়েটারের গান গাও

নন্দ থিয়েটারের গান! পবিত্র বিবাহ বাসরে স্ত্রীদের সাম্নে অপবিত্র থিয়েটারের গান গাইব, আপনাদের কি কুরুচি!

মোহি আর এই যে থিয়েটারের গান শুন্লে, নৃত্য যে থিয়েটারের গান গাইলে, ওর স্বামী ওকে প্রায়ই থিয়েটার দেখ্তে নেযায়, ও কত থিয়েটারের গান শিখেছে, কেমন সব গান, ভাল ভাল ঠুংরি নিধু।

নন্দ থিয়েটারের গান গাইলেন! থিয়েটারের গান শুন্লেম, ওঃ তাও এত অশ্লীল, একথা আমায় আগে বল্তে হয়, আমি উঠে যেতেম ; Mrs Karformaকে জিজ্ঞাস ক'রে এর প্রায়শ্চিত্ত কোত্তে হবে।

স্থর ওঁর ভগ্নীদের সাম্নে গাইবেন না বল্লেন, এখানে ওঁর ভগ্নী কে জিজ্ঞাসা কত্তো বসন্ত

নন্দ কেন, সকলেই আপনারা সকলেই ভগ্নী

স্থর। সবাই ভগ্নী? বাঁয়ে যেটী ব'সে?

নন্দ হ্যাঁ উনিও ভগ্নী—গৃহে স্ত্রী হ'তে পারেন, কিন্তু সমাজে ভগ্নী।

( সকলের হাস্য )

স্থর। হুব্ শালা বোন মেগো।

নৃত্য নে ভাই—বাক্যি রাখ, এখন গান শোন; গাও ভাই তোমার যা ইচ্ছে গাও।

নন্দ শুনুন তবে, মনটা একটু পবিত্র করুন, পারেন তো চোখ বুজুন

রামকেলী ভৈঁরো—আড়াঠেকা

অন্তীমের সে দিনের উপায় কি হবে।
দেহ ছেড়ে আত্মাপাখী যবে উ'ড়ে যাবে।
ধমনী হইবে স্তব্ধ, কণ্ঠে ঘড় ঘড় শব্দ,
চক্ষু হবে দৃষ্টি হীন, চস্‌মা পড়ে রবে;—
গৃহে রোদনের রোল, স্বজনের হরিবোল,
সবে বাক্য কবে, তুমি শুন্‌তে নাহি পাবে।

( ঠান্‌দিদির প্রবেশ। )

ঠান কেরে হতচ্ছাড়া ছোঁড়া—অলুক্ষুণে. শুভকর্ম্মের দিনে মড়াফেলার গান কচ্ছে?

সুর। গাল দিওনা গো ঠান্‌দি, তোমার রসিক নাও আমাও

ঠান। হ্যাঁ হে দাদা সত্যি নাকি? এ রসিকতা শিখ্‌লে কোথায়?

নন্দ। হায়! দেশের কি ভয়ানক পতিতাবস্থা! কবে আমাদের দেশীয় স্ত্রীলোকগণ বিলাসিনী কারফর্মা কামিনী ভট্টাচার্য্যির মত হবে।

ঠান। বিলাসিনী কামিনী কে হে? বাসর ঘরে বসেই তাদের জন্য হেদুচ্ছ, ক'নে কি মনে ধরিনি?

নন্দ। ওঁর সঙ্গে আমার এখনও কোনরূপ আলাপ হয়নি, বিশেষত মেয়েটী এখন না বালিকা এখনও জ্ঞানের গৃভিবক্তা হয়নি, আমার বিদ্যার কথোপকথনের সঙ্গে চাল রাখ্‌তে পার্‌বেন কেন?

ঠান। যা হোক ভাই, এদ্দিন আমাদের ছিল, এখন তোমার হ'ল; তুমি লেখাপড়া শেখাও শিখ্‌বে, যেমন চাল শেখাবে, সেই চেলে চল্‌বে; এখন রাত প্রায় পুইয়ে এসেছে, এই বেলা একটু ঘুমিয়ে নাও (নেত্য!) যা দিদি, তোরাও শুগে যা, বরকেও একটু ঘুমুতে দে

নন্দ। (স্বগত) আর দেরি করা হবে না, সকাল হ'লে সব ফস্‌কে যাবে, এই বেলা সট্‌কাতে হচ্ছে। (প্রকাশ্যে) আমার পেট্‌টা কেমন কচ্ছে, বোধহয় একবার বাইরে যেতে হবে।

ঠান। তা যাওনা, যাওনা; নেত্য, নেয়া তো সঙ্গে করে; ঝীকে বল্‌গে খিড়্‌কির শ্বেদখানাতে জল দেয়, আলো দেয়

নৃত্য। এস ভাই, এস জল খাওসে!

সুর হ্যাঁ যাও, যে গান গেয়েছ খিদে পাবারই তো কথা।

নন্দ। (স্বগত) অসভ্যা! এই এড়াচ্ছি তোমাদের হাত, (প্রকাশ্যে) চলুন

[ নৃত্য ও নন্দর প্রস্থান।

ঠান নে বর গেছে, ঘোমটা খোল্‌লো কুমী; বর কেমন—মনে ধরেছে—পছন্দ হ'য়েছে তো, কথা ক'স্‌নে কেন—বল্‌না?

কুমু। যাও।

ঠান পছন্দ হ'য়েছে?

কুমু যাও

ঠান। পছন্দ হয়নি?

কুমু। আমি জানিনি—যাও।

ঠান।—ইংরিজি শিখ্‌তে পার্‌বি তো? নইলে যে বর, ওর ঘর কোত্তে পার্‌বিনি।

কুমু আমার দায় পড়েছে

সুর দায় পড়েছে কিলো?

কুমু আমি যাব কিনা!

সুর। যাবিনি কিলো?

( নৃত্যর প্রবেশ। )

নৃত্য। ও ঠান্‌দিদি, বর কোথা গেল?

ঠান বর কোথা গেল কিলো তোর সঙ্গেই তো গেল।

নৃত্য। সেদখানায় তো নেই, ঝী মুখ ধোবার জল নিয়ে গেল—দেখ্‌তে পেলে না।

ঠান। তবে বুঝি অম্‌নি অম্‌নি গলির পথ দিয়ে সদরে গিয়েছে।

নৃত্য। যেমন গাড়ুভর জল তেম্নি রয়েছে, স্বেদখানায় ঢুকে ছিল কি কোত্তে তবে ?

ঠান দি। চ' দেখি দেখিগে তবে, ফর্সা হ'য়েছে, সদরেই গ্যাছে ; কুমীকে নিয়ে আয় সুর, সকাল সকাল বাসি বিয়ের উয্যুগ কোত্তে হবে

[ সকলের প্রস্থান।

## তৃতীয় গর্ভাঙ্ক।

( মন্মথ বাবুর বহির্বাটী। )

মন্মথ। সে কি কথা ! দ্যাখদেখিন চৌমাথায় বেড়াচ্ছে বোধ হয়।

ভৃত্য। আমি খিড়্কি দে যুবে, এমোড় ওমোড় সব খুঁজে এলুম, কোথাও দেখ্‌তে পেলুম না।

মন্মথ। পাশাপাশি তো কোন আলাপি লোকেরে বাড়ী নেই, সেথায় যায়নি তো ?

ভৃত্য। তত ভোরে আর কে দর্জা খুলে ছিল ; আর বেড়াতে যাবেন কি সুধুপায়ে ? খিড়্কির দোরে জবির জুতো পড়ে রয়েছে।

মন্মথ। তাই তো, এ কি হ'ল তবে, কিছুই তো বুঝ্‌তে পাচ্ছিনে, দ্যাখদেখিন আর একবার বাড়ীর ভেতর গিয়ে, এয়েছে কিনা ?

[ ভৃত্যের প্রস্থান।

কি আশ্চর্য্য! কোথায় গেল? বাসি বিয়ে কল্লে না—টাকাকড়ি নিয়ে সল্লো নাকি? যে ইংরেজী মেজাজের ছেলে—আশ্চর্য্য নেই, সব পারে। তা হ'লেই তো সর্ব্বনাশ!

( গোপীনাথ ও স্ত্রীর প্রবেশ। )

গোপী  এই যে উঠেছেন! আমার আর রাত্রে ঘুম হয়নি, একটু গড়াগড়ি দিয়েই এসেছি

মন্মথ  বর গেল কোথা! বাড়ী ফিরে যায়নি তো? আপনার সঙ্গে দেখা হয়নি?

গোপী  সেকি, বাড়ী যাবে কি, বাসি বে হবে, আমি এসে বর ক'নে একত্রে নেযাব, সে বাড়ী যাবে কি?

মন্মথ  তবে গেল কোথা? ভোরের ওক্তে পাইখানায় ঢুকে ছিল আর দেখ্‌তে পাওয়া যাচ্ছেনা; রাস্তা, গলিটলি সব খোঁজা হ'য়েছে, জুতো পর্য্যন্ত পড়ে আছে।

গোপী  সেকি, সর্ব্বনাশ পাইখানায় গেছলো? ফোঁকোর গলে পড়ে যায়নি তো?

মন্মথ  রাম! সে একতালা ঘর, Drainageএর সঙ্গে Connecton করা, পড়্‌বে কোথা!

গোপী  তাই তো তার কাছেই যে সব টাকাকড়ি, সে সব কোথায় রেখেছিল?

মন্মথ  সে নিজের কোঁচার খুঁটে বেঁধে—কসে পেটের কাপড়ের ভেতর গুঁজে রেখেছিল।

গোপী। তবে তো কেউ রাহাজানি কোর্ত্তে পারে!

মন্মথ। বর লোটবার জন্যে ডাকাত কি শেষরাত্রে পাইখানায় ওৎপেতে বসেছিল ? আর তা হ'লে গোল হ'ত না, বাড়ীশুদ্ধ লোক জেগে—চেঁচালে শুনতে পেত না ?

গোপী। তবে একাজ বাড়ীর ভেতরই হ'য়েছে। কথা সোজা নয়, ছেলে গুমখুন হ'য়েছে। আমি এখনি পুলিশে যাব, ক'নে আর বাসরে যে যে ছিল, এদের খানাতল্লাসি কল্লেই এখনি মাল পত্তর বেরুবে।

মন্মথ। আমি যথা সর্ব্বস্ব খুইয়ে মেয়ের বে দিলেম, আর আমার মেয়েরা ভাগীরা মিলে বাসর-ঘরে বর খুন ক'রে রাতারাতি লাশ চালান কল্লে, আপনি বলেন কি !

ঝী। দেখ্‌তে পাচ্ছনা, ভীমরতি হ'য়েছে মিন্‌ষের ! ছেলেটী কিনা ছারপোকা, তাই মেয়েরা বালিসের ওপর টিপে মেরে ফেলেছে। যণ্ডা ষাঁড় ছেলে, বিচুলি কাটা বঁটীতে ফেল্লে বঁটী ভেঙে যায় ; সে পালিয়েছে। বাপের হাতে টাকা দিতে হবে বলে রাতারাতি সরেছে।

গোপী। মাগী বলে কিগো। তুই কোত্থেকে এলি এখানে ?

ঝী। ওৎ পেতে আছি, তোমার পিছনে পিছনে এয়েছি, এইখানে টাকা বুঝে নেব। এখন, মাগী যা বলে ঠিক, সে আদত বয়াটে ছেলে, সে তোমার হাতে টাকা দেবে—তুমি দেনা শুধবে, মাছের মুড়ো খাবে। নান্দীমুখ হয় না—বর দেখা মোহরটা চেয়েছিলে যে ? সেই যে গো, যেটা তোমরা দিয়ে এসেছিলে—দিলে না। বল্লে আমি বোতাম গড়াতে দিয়েছি—আমি সব খবর টের পাই।

গোপী। তবেই তো আমায় মেরেছে।

মন্মথ তোমায় মেরেছে—না আমার সর্ব্বনাশ করেছে; এদিকে যথাসর্ব্বস্ব খোয়ালেম, আবার তার ওপর একি দায়!

ঝী দিক্ মিন্‌ষে যেথেকে পারুক ছেলে খুঁজে এনেদে বাসি বে করাক।

গোপী। মাগী বড় মুখ ছুটিয়েছিস তো, মনিব মানিস নে!

ঝী উঃ কি মনিব গো, "ভাত কাপড়ের ভাতার নয় নাক কাট্‌বার গোঁসাই" দেড় বচ্ছর একটা পয়সার নাম নেই, মনিব দে মিন্‌ষে আমার সব ট্যাকা দে, জোচ্চোর মিন্‌ষে। দোকানি পশারি সবাইকে মজিয়ে রেখেছে গা বলে ব্যাটার বে দে ট্যাকা দেব; এখন কোত্থেকে ট্যাকা দিবি? আর চোর ব্যাটা ট্যাটা আছে? তাত নেই—মাগ ব্যাচ, খুব জমাদ্দারণী মাগ আছে, কোম্পানিতে কিনে নেবে এখন।

(ঘটকের প্রবেশ।)

ঘট এই যে, দুই বেয়াইযে উপস্থিত; এখন আমার বিদেয়টা ভাল রকম হ'লে সব চুকে যায়, দুজনের কাছে দু শো টাকার কম আর ছাড়ছিনে, দেশে একখানি কোঠা কর্‌ব ঝী এসেছিস? ক'নে দেখ্‌লি—কেমন ক'নে? সাক্ষাৎ গৌরী।

ঝী এদিকে গৌরীর গৌর যে পটল তুলেছে।

ঘটক। সেকি?

মন্মথ বরকে খুঁজে পাওয়া যাচ্ছে না

ঘটক সেকি কথা! কোথা গেল?

ঝী তোমার ঘটক বিদেয় পৌঁছুতে গেছে, ছেবোম করে এদ্দূর এলে কেন?

( প্রতিবাসীগণের প্রবেশ )

১ম প্রতি মন্মথ বাবু, একি শুন্‌তে পাচ্ছি ?

মন্মথ আর আমার মাথা

২য় প্রতি বর নাকি পালিয়েছে ?

৩য় প্রতি আপনার বড় মেয়ের গহনার বাক্‌স সেই ঘরে ছিল, তাও নাকি নিয়ে সরেছে ?

২য় প্রতি শুনেম—সে নাকি কায়েতের ছেলে নয় ?

১ম প্রতি মন্মথ বাবুর যেমন কীর্ত্তি ! পাশ করা ছেলে শুনে একেবারে নেচে উঠ্‌লেন, আমাদের পাঁচজনের সঙ্গে পরামর্শ নেই কেমন ঘর, তার ভাল করে সন্ধান নেওয়া নেই, কোথা কার জোচ্চোর ছোট লোকের ঘর !

২য় প্রতি বরকর্ত্তা আসেনি ?

মন্মথ এই যে দাঁড়িয়ে

২য় প্রতি বলি হ্যাঁ হে, মাথা শোনের নুড়ী করেছ, মুর্দ্দফরাস খোস্তা নিয়ে শিয়রে দাঁড়িয়ে, আজ বাদে কাল মর্‌বে—তোমার একি জুচ্চুরি ?

গোপী আমার অপরাধ কি বলুন ?

২য় প্রতি তোমার অপরাধ কি, ছেলের সঙ্গে যোগ সাজি করে ভদ্রলোকের জাত নষ্ট করা। শুন্‌লুম ভালমানুষের সর্ব্বনাশ করেছ, যথাসর্ব্বস্ব নিয়েছ

ঝী জোঁক জোঁক !—মিন্‌সে জোঁক গো ভাল মানুষের ছেলেকে চুসে খেয়েছে

২য় প্রতি আর এখন টাকার মোট ঘরে তুলে ছেলে সরিয়ে দিয়েছে ?

ঝী সে দিকে নবডঙ্কা! ছেলে ট্যাকা সুদ্ধ সরেছে জোচ্চোর বাপমার ছেলে কি সাধ হবে!

৩য় প্রতি এর ঘটকটা কে?

ঝী এই যে মড়িপোড়া মিন্‌ষে, মিন্‌ষে আদত জোচ্চোর—জোচ্চোর নইলে অত কথা কয়। বিদেয় নিতে এয়েছে, দিতে পার বাছারা মিন্‌ষেকে ভাল করে বিদেয়

ঘটক (স্বগত) এখন সরে পড়াই বিধেয়।

৩য় প্রতি বাড়ী কোথা হে তোমার ঠাকুর?

ঘটক। বাড়ী আমার দক্ষিণ মজিলপুর।

৩য় প্রতি। আদত জোচ্চোরের দেশ, এ জুচ্চুরি ঘটকালি কদ্দিন কচ্ছো?

ঘটক আজ্ঞে—ঘটকালি কচ্ছি সাতপুরুষ জুচ্চুরি কখন করিনি।

৩য় প্রতি যা এই কোল্লে, ডাক্‌ত কেউ পাহারাওয়ালা

ঘটক। বাবারে—ওকি কথারে (দৌড়)

২.৩য় প্রতি ধর ধর। (পশ্চাদ্ধাবন)

ঝী। ও মিন্‌ষেকে ধরে রাখ, নইলে ওও পালাবে; সদরের কপাট বন্দ করে দেব? আদায় কর ছেলে ওর কাছে, নইলে সব ট্যাকা যেথেকে পাকক ফিরিয়ে দিক্‌, বাড়ী বেচুক, আমার এক সম-সাভগাও টাকা পাওনা, তাই নেকে কেটে দিও, দেশে চলে যাই; নয় তোমরা রাখ তো তোমাদের ঘরে চাকরি করি

(লোকনাথ বাবুর প্রবেশ।)

লোক। এই যে সব—কেমন, বেশ সব নির্ব্বিঘ্নে চুকে

গেল? কাল এত তাড়াতাড়ি করেও Train miss কল্লেম সমস্ত রাত Stationএ থেকে এই ভোরের গাড়ীতে আস্‌ছি

মন্মথ আর ভায়া সর্ব্বনাশ হ'য়েছে জানতো—সর্ব্বস্ব খুইয়ে একাজ কল্লেম, এখন জাত যায়।

লোক সেকি কথা. কেন এঁরা কায়েত নয় নাকি?

মন্মথ ব্যবহারে তো বোধহয় না—চামারের চোদ্দপুরুষ, বাসর থেকে বর পালিয়েছে

গোপী টাকা কড়ি আমি একটা পয়সাও হাতে করিনি, সমস্ত নিয়ে গিয়েছে

লোক আমারা সে সব বুঝিনি, এর দায়ী আপনি, এখন গেল কোথা—কিছু সন্ধান হ'ল?

মন্মথ কিছু না. শেষরাত্রে পেট কামড়াচ্ছে বলে খিড়্‌কির পাইখানায় ঢোকে পেটটেট কামড়ান সব মিছে; গাড়ুতে যেমন জল তেম্‌নি রয়েছে, ছুতো করে সরেছে

লোক। বোস্‌রে স—আমি হাবড়ায় নেমে এখানে আসবার জন্য গাড়ী খুঁজ্‌চি, দেখি সাহেবের পোশাক পরা ঠিক সেই রকম চেহারা একটা ছোড়া আর এক ছোঁড়া ফিরিঙ্গির সঙ্গে বেড়াচ্ছে, আমায় দেখে যেন তাড়াতাড়ি ফিরে জেটীর দিকে গেল তখন আমি অতটা খস কল্লুম না, আর কর্‌বই বা কোত্থেকে? এখন আমার ঠিক মনে পড়েছে; সেই চস্‌মা চ'খে গোঁফকে চাঁচা ঠিক সেই একটা ছুঁড়িও সঙ্গে আছে, জুতোটুতো পায়ে, বোধহয় তাকে—নিয়ে পালাবে, কেউ চিন্‌তে পারবে বলে ইংরিজি পোশাক পরেছে!

মন্মথ ত হ'লে সব আগে থেকে মতলব করা ছিল, সর্ব্বস্বান্ত হ'য়ে এমন হাবাতেকেও মেয়ে দিলেম হে.

ঝী। আমি জানি—ও ছেলের অনেক দিন থেকে দোষ ধরেছে, নইলে ব্যাটাছেলের অত সিঁতে কাটা কেন? অত সাবান মাখা কেন?—

গোপী মশাই এখনও গেলে ধত্তে পাব্‌ব কি?

লোক চলুন সকলকেই যেতে হচ্ছে, up train যাবার এখনও দেরি আছে, এখনও ধরা যেতে পাব্‌বে

মন্মথ আর দেরি নয়—আমার গায়ের কাপড়খানা—

১ম প্রতি। এই নাও—এই নাও, আমার এইখানাই গায়ে দিয়ে যাও, আর দেরি কবোনা—দুর্গা শ্রীহরি

ঝী আমি গাড়ীর পিছনে বসে যাব—মাইনে আদায় কর্‌ব, আর সেই পোড়া চেহারায় কেমন বাঁদর সেজেছে দেখ্‌বো, আর পারিতো যে গতরখাগি ডাইনী সঙ্গে আছে, তাকে দু ঘা ঝ্যাঁটা দিয়ে আস্‌ব—চলগো চল

[ সকলের প্রস্থান।

## চতুর্থ গর্ভাঙ্ক।

( হাওড়া রেলওয়ে প্লাট্‌ফরম. )

নন্দ আপনার সুট্‌টী ঠিক আমার গায়ে ফিট্ হ'য়ে গেছে।

সিংহ। ইংরেজের চোখে ধরা পড়্‌বে, nativeএর বাবারও সাধ্যি নেই যে ধত্তে পারে, dressএর কি জানে ওরা।

নন্দ তা এইটুকু বইতো নয়, Bombay গিয়ে সব fresh কিন্‌বে, সেখানে সব তৈবি পাব তো ?

সিংহ Every thing, ববং এখানকাব চেয়ে ভাল make আব দবে cheap ; আব শুদ্ধ এই passage টুকুনেব মতন কাপড় চোপড় কিন্‌বেন, সেখানে পৌঁছে সব নূতন তৈয়ার কোত্তে হবে, এখানকাব dress সেখানে একটাও চল্‌বে না।

নন্দ Mrs Karforma হাস্‌ছেন যে ? আমায় কি সঙেব মত দেখাচ্ছে ?

বিলা Oh dear no। আপনাব পালানেব Manœuvre মনে হচ্ছে, আব হাসি পাচ্ছে

নন্দ কেমন—ভাল হয়নি ?

বিলা Cleverly done আচ্ছা ঐ শুধু পায়ে চেলির কাপড় পবে দৌড়ুচ্ছিলেন, বাস্তায় কেউ কিছু বলেনি ?

নন্দ অমন সময় বড় লোক চল্‌তে সুরু হয়নি ; হেদোর কাছে, এক ব্যাটা পাহাবাওয়ালা আট্‌কে ছিল, তাবে বল্লুম আমাব বাবাব শ্বাস হ'য়েছে, গঙ্গাযাত্রা কব্‌ব, তাড়াতাড়ি খাট কিন্‌তে যাচ্ছি

সিংহ আপনি first class সাহেব হবেন, খুব presence of mind. I wonder what the old fool is doing now !

নন্দ দুহাতে মাথাব চুল ছিঁড্‌ছে ; আর গালে মুখে চড়াচ্ছে, শ্বশুব মহাশয়েরও বোধহয় ঐ হাল

বিলা। দম্পতীর মনে প্রণয় না জন্মিয়ে বিবাহ দেওয়াব উপযুক্ত প্রতিফল। Marriage without love is like a—like a—a a—a—

সিংহ। *Coat without a tail.*

বিন্দু। Thank you, just so

( কনষ্টেবলের প্রবেশ )

নন্দ। কনষ্টেবল, উপরকা গাড়ী platformকা পাশ কব্ আওয়েগা ?

সিংহ। *Don't you speak with that fellow I'll enquire of the station-master*

কনষ্টেবল। আপ্ তো বোম্বাই মেলমে যাগা ? উস্‌কা আবি দের হ্যায় ওসব হাম ঠিক্ কর দেগা, ট্রেন হোনেসে হাম সব চিজ বস্ত্ গাড়ী পর উঠায় দেগা, আপ্‌কো কুছ্ নেহি করনে হোগা

নন্দ। বহুট আচ্ছা, হাম্ টোম্‌কো বক্‌সিস্ ডেগা।

কনষ্টেবল। হুজুর কা মেহেরবানি।

[কনষ্টেবলের প্রস্থান।

( গোপীনাথ, মন্মথ, লোকনাথ ও ঝীর প্রবেশ। )

লোক। ঐ ঐ, ঐখানে দাঁড়িয়ে আছে, কেমন দেখুন দেখি, ঐ ছুঁড়ির ডান্‌ধারে যে দাঁড়িয়ে ঐ কিনা ?

গোপী। ওই গুওটাই তো! দেখ্‌ছ ব্যাটার দাগাবাজি, আজ পাজিকে পয়জার পেটা কর্‌বো (অগ্রসর) বলি ও কায়েতের ঘরের গণ্ড মুখ্যু, এ কি কাজ তোর, একেবারে মাথা খেয়েছ ; আমায় ফাঁকি দে বাসি-বের ক'নে ফেলে— টাকাগুলো নিয়ে, আর এই মাগী বেশ্যাকে নিয়ে পালাচ্ছ ?

বিলা। Sir—sir

সিংহ। Old man! a repetition of another such language, and your grey hair will not protect you from my wrath

গোপী কি সাহেব তুমি কি বল্‌ছ ?

সিংহ। বুড়ো মানুষ, অগ্নি ভাষার পুনরুক্তি এবং টোমার সাদা চুল টোমাকে আমার রাগ হইটে রক্ষা করিটে পারিবে না

গোপী কেন সাহেব, কিসের রাগ ? আমার ছেলেকে আমি বক্‌বো তোমার রাগ কিসের ?

সিংহ তুমি এই ladyকে বেশ্যা বলিলে কেন ?

ঝী তা জুতো পায়ে দিয়ে, ওড়না উড়িয়ে এখানে যে খড়দার মা-গোঁসাই এসেছেন, তা বুড়ো মানুষ কেমন ক'রে জান্‌বে ?

সিংহ চুপ্ রও! টোম্ কোন্ হায় ?

ঝী। আমি যে হ্যায় সে হ্যায়! ইস্ চুপ্ রহো—ভারি সাহেব

গোপী ঝি, তুই থাম্—ও মেয়েমানুষটী তবে কে ?

ঝী ঐ সাহেব ব্যাটার মাসী

সিংহ। ইনি Mis বিলাসিনী Karforma B. A. এইবারে scienceএ M. A. দিবেন।

গোপী। তা যা ইচ্ছা কর্‌বেন, আমার গরিবের ছেলের ঘাড়ে চেপেছেন কেন ?

নন্দ। ছি বাবা! তুমি বড় অসভ্য

সিংহ আপনার পুত্র Barrister হ'তে বিলাত যাচ্ছেন, ইনি ওঁর বন্ধু—গাড়ীতে তুলে দিতে এসেছেন।

ঝী ও হতচ্ছাড়া ছোঁড়া, এতক্ষণ গ্যাড় ম্যাড় হচ্ছিল, সাদা কথা কইতেই চিন্‌তে পেরেছি। ও সাহেব কোথা! বুঝেছ গা মেয়ের বাপ, ও কোলুটোলার তিতু সিঙ্গির ছেলে, ওদের বাড়ী আমি অনেককাল ছিলুম, ঐ ছোঁড়াকে বল্‌তে গেলে হাতে ক'রে মানুষ করেছি, "ঝীমা লুকিয়ে একটা লালকোলনাউ দেনা" সে সব এখন ভুলে গ্যাছে, এখন আমাকে কোন হ্যায়! আহা। মাগী অল্প বয়সে রাঁড় হ'য়েছিল ঐ ছেলেটিকে মানুষ ক'রে তুল্লে, ওমা। ছেলে এক দিন মাগীর সিন্ধুক খুলে যা কিছু ছিল নিযে নিরুদ্দেশ! ছেলে কেথা গেল ছেলে কোথা গেল দিনকতক পরে খপর এল, ছেলে বিলেতে গ্যাছে—সেদিন গেছ্‌লুম গো মাগীকে দেখ্‌তে, আহা! কত কাঁদ্‌লে। বল্লে, ফিরে এয়েছে, প্রাচিত্তির কোত্তে চায় না, কোথায় নেড়েপাড়ায় বাড়ী ভাড়া করে আছে। ঐ মোহনমালী মাগীর সঙ্গে জুটেছে বুঝি; মাগী নিঃসুপুশ মগের মেয়ে; আর সোণার চাঁপা বৌ ঘরে পড়ে কাঁদছে, নিজের মুখ পুড়িয়েছে, আবার একটা ভদ্দর লোকের ছেলেকে বাঁদর সাজিয়ে সেই নষ্কায় পাঠাচ্ছে!

মন্মথ বাপু, আপনার মা, স্ত্রীকে মজিয়েছ, আবার দু দুটো ঘর কেন মজাচ্ছ?

সিংহ। আপনার কোন কথার উত্তর দিতে আমি বাধ্য নই; ঝি তুমি কোমল জাতি, তাতে আমার শ্বরং হচ্ছে লেখপড়া শেখনি তোমায় মাফ কল্লুম

ঝী লেখাপড়া শিখ্‌তুম তো গুলি কোত্তে বুঝি ?

গোপী নন্দ, যা হ'য়েছে হ'য়েছে এস বাবা—বাসি বিয়ে টিয়ে করে ঘরে এস !

বিলা নন্দবাবু. ঘোর পরীক্ষানল উপস্থিত, হৃদয়কে fire proof করুন

গোপী ওগো বাছা, কেন আর ধুনো দাও

বিলা ভগ্নীগণ না পৃষ্ঠ দিলে ভ্রাতারা কখনই উচ্চ কার্য্যে উত্তেজিত হ'তে পারে না আমার কর্ত্তব্য আমি কচ্ছি

লোক B A pass করে, M A পড়্‌ছেন শুন্‌লেম, high education পেয়েছেন—আপনার কর্ত্তব্য কি মা বাপের কাছ থেকে ছেলেকে তফাৎ করা ? বিবাহের বাসরে পতি পত্নী ভেদ করা ?

বিলা পতি পত্নী ভেদ কি একাদশ বর্ষীয়া বালিকার আবার পতি কি সে প্রণয়ের কি জানে ! সে হয় তো পতিকে গুরুর মত ভক্তি কোত্তে শিখ্‌বে, দাসী হ'যে সেবা কর্‌বে ; ভালবাস্‌তে যে সে ভালবাসা না যে ভালবাসাকে "love" বলে সে ভালবাসা শিখ্‌বে না, আপনার অধিকার স্থাপন কোত্তে শিখ্‌বে ন ; আর এদিকে ছেলে—ফল দেখে কার্য্যের বিচার, এখন ওঁকে চেনে কে ? কিন্তু যখন ইনি ফিরে এসে Bar এ shine কর্‌বেন, তখন N Sarcar এর বাপ বল্লে ওর মুখ কত উজ্জ্বল হবে

ঝী এই তুমি যেমন কুল উজ্জ্বল করে বসেছ !

বিলা। তুমি যদি লেখাপড়া জান্‌তে—তোমার সঙ্গে আমি ঘুসি লড়তুম

স্ত্রী লেখাপড়ায় দরকার কি ? অমনি লেগেই দেখ না। আমি অমন ঢের খৃষ্টান্নী দেখিছি।

বিলা মাগী ফের যদি

সিংহ Let her alone, let her alone, for my sake ; come let us be off

[ বিলাসিনী ও সিংহের প্রস্থান।

গোপী আয় বাবা নন্দ বাড়ী আয়

নন্দ আমি যাব না

গোপী যাবিনি ?

নন্দ না

গোপী তোর গর্ভধারিণীর সঙ্গে দেখা কর্‌বিনি ?

নন্দ আমার compliment দিও, ফিরে এসে দেখা হবে।

মন্মথ আমার মেয়ের উপায় ?

নন্দ আমি জানি কি !

মন্মথ তুমি বে কল্লে তুমি জাননা ?

নন্দ বে পুরো হয়নি, এখনি null and void হয় ; তবু আমি স্বীকার করে যাচ্ছি যে যদি আপনার মেয়েকে ঐ Mrs Karfornar মত লেখাপড়া শিখিয়ে স্বাধীন কোত্তে পারেন, তবে ফিরে এসে আইন মত registry করে আমার স্ত্রী কোত্তে পারি

মন্মথ হায় হায়। পাশকরা ছেলে ছেলে করে সর্ব্বস্বান্ত না হ'য়ে, আমি যদি একটী চাকুরিবাকুরি করে এমন একটী পাত্র দেখে মেয়ে দিতেম, তাহ'লে আর একেবারে ধন, কুল, মান, জাত সব নষ্ট হ'তো না আমি তোমায় ছাড়্‌ছিনি

গোপীনাথ বাবু, ডুবিছি না ডুব্‌তে আছি আমি High Court পর্য্যন্ত যাব দেখি এর বিচার আছে কিনা ?

নন্দ এ সঙ্গত কথা, আপনি বাবার কাছথেকে damage আদায় কোত্তে পাবেন।

গোপী তুই ব্যাটা সমস্ত টাকা গাপ্ কল্লি, আর আমি ডামিজ দেব ?

নন্দ ব্যাটা ব্যাটা করোনা বল্‌ছি—আমি টাকার রসীদ দিয়েছি ?

গোপী তোর মত ব্যাটাকে—ব্যাটা বলা ঝকমারি, তুই ব্যাটা—গুওর ব্যাটা

নন্দ দ্যাখ বাবা, বাবা বলে ঢের সয়েছি, বাপ তুল না বল্‌ছি

( কনষ্টেবলের প্রবেশ। )

কনষ্টেবল ক্যাহায় বুঢা, সাবকো কাহে দিক্ করতা হট্ যাও

গোপী ওরে বাপু সাহেব নয় ও আমার ছেলে

কনষ্টেবল তোমারা ছেলিয়া—তোম্ পাগল হুয়া ?

গোপী। হ্যাঁরে বাপু, আমার ছেলে—জিজ্ঞেস কর বরঞ্চ

কনষ্টেবল ক্যা পুছেগা, হাম্‌রা আঁখ নেই, হাম সাহেবকা লেডকা বাঙ্গালিকা লেডকা পছান্তা নেই হট্ যাও

নন্দ ( স্বগত ) দেখেছ, কনষ্টেবলটা আমায় আদতে চিন্তে পারেনি, বাবার কথা বিশ্বাস কচ্চেনা—কথাগুলো ঠিক এড়িয়ে রেখে যেতে হবে

ঝী ও জমাদার সাহেব, হামারা কথা শোন, ও এই

বুড়োকেই ছেলে হায়, টাকা চুরী ক'রে বোষ্টমী সেজে পালাতো হায়, তুমি গ্রেপ্তার কর

কনষ্টেবল। আরে চুপ রহো মাগী।

ঝী। আ মর নচ্ছার ব্যাটা—যেন ভূত কাজ নেই বাবু আমার কথায় বুঝেছে বাপ ব্যাটায়, ও দু জনকেই সমান, ধর্ম্মের টাকা হয় তো আমার আসবেই আসবে

[ ঝীর প্রস্থান।

লোক এস ভাই বাড়ী যাই, সেথায় আবার সব ভাবছে, এরা বাপ বেটা দুই-ই পাজী, বিহিত এর করবই, আদালত আছে—সমাজ আছে।

মন্মথ। চল।

[ লোকনাথ ও মন্মথের প্রস্থান।

গোপী আচ্ছা, তুই যেথা ইচ্ছা উচ্ছন্ন যা—আমায় টাকা দে যা।

নন্দ। এক পয়সা না

গোপী অর্দ্ধেক দে কিছু দে

নন্দ আমার তা হ'লে চলবে না—আমাকে সেথায় ভাল styleএ থাকতে হবে

গোপী আমি যে তোকে দেনা ক'রে খাইয়েছি;—কালেজে পড়িয়েছি—পাশ করিয়েছি, পাওনাদারেরা কাল যে আমায় জেলে দেবে।

নন্দ কুছপরোয়া নেই, আমি কৌন্সুলি হ'য়ে আসছি—তোমায় insolvent নিয়ে খালাস ক'রে দেব—fee নেব না

কনষ্টেবল। সাব এ কুচ মাংতা ?

নন্দ হাঁ, টোম দেকোটো ও সাব কাঁহা গিয়া।

কনষ্টেবল আচ্ছা হুজুর, গাডীকি বি টৈন হো আয়া

[ কনষ্টেবলের প্রস্থান।

নন্দ আচ্ছা—হাম waiting roomমে যাটা দেখ বাবা, এখানে একটা ঢলাঢলি করোনা, মনের অগোচর পাপ নেই, তুমিও মেয়ে দেখা নেই, কিছু নেই আমায় একটা যা তা বিয়ে দিয়ে টাকাটা হাতাবার চেষ্টায় ছিলে ; আমি Collegeএ পড়েছি Politics বুঝি তুমি আমার চখে ধুলো দেবে ? কিছু ভেবনা, টাকা সৎকার্য্যে ব্যয় হবে—তখন তোমাকে আর মাকে বিলেতে পাঠাতে পারবো, বুড়ো বয়সে একটা কীর্ত্তি রেখে মরতে পারবে Now goodbye Mrs. Kaiforma হয় তো রাগ কচ্ছেন যাই দেখিগে। তুমি বড় অসভ্য, ladyর মান জাননা চল্লেম, মাকে আমার compliment দিও, আর দুজনেই একটু ইংরিজি পড—Farewell for the present

[ নন্দর প্রস্থান।

গোপী অবাক সব বলে কি. তা ওর দোষ কি, দর-বাড়াবার জন্যে, পাশ করা ছেলে বলে বলে আমিই ফুলিয়েছি এখন দুনিয়া সবা দেখ্‌ছে আর যেমন কোন দিকে না দৃষ্টি ক'রে আমি কেবল টাকার লোভে ছোকার বে দিলুম, একটা ভদ্রলোকের সত্যি সর্ব্বস্ব গেল বুঝেও কসায়ের মত কোপাতে

ছাড়লুম না—ভগবান তেম্নি একদিক না একদিক দিয়ে আমায় বিলক্ষণ শিক্ষা দিলেন। ও যেমন শোনা আছে, পাঁঠি/প্যাঁচা টাকা থাকে না পাঁঠির পোষাণীর টাকাও থাকে না। যাই গিন্নীকে খবর দিইগে—সিন্দুক খুলে বসে আছেন বলিগে তাঁর গেলে ছেলে সাগর ডিঙিয়েছে এবং আবার নালীশ করবে বলে শাসিয়ে গেল; যাই হাতে পায়ে ধরে বৌমাকে ঘরে এনে মিটমাটের চেষ্টা করিগে। আসুক ফিরে প্রাচিত্তির ফিত্তির করিয়ে যা হয় একরকম করবো ভিক্ষার ঝুলি আছে, গলায় দেবার দড়ী আছে—সেও ভাল, কিন্তু কেউ যেন ছেলে মেয়ের বিয়ে দিয়ে টাকা রোজগারের চেষ্টা না করে—অতি ইতর. অতি চামার !! অতি কসায়ের কাজ .!!

যবনিকা পতন